# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Falgun 01, 1430 Bangla, February 14, 2024, Wednesday, No. 45, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina says that Bangladesh and BIMSTEC will work together to achieve common goals. India has always been a friendly country of Bangladesh. (VOA : 04)

AL GS Obaidul Quader says, BNP leaders are lying about enforced disappearances & murders without any evidence. BNP wants to destroy the country and kill its people in the name of country save movement. (R. Today: 10)

BNP SJSG Ruhul Kabir Rizvi comments that rapists are now celebrating in higher educational institutions of BD like Jahangirnagar University & Sylhet's MC College. Adds, there is bad governance in the country. (R. Today: 11)

After a few days of calm, residents along the border areas of Teknaf are living in fear as gunshots were heard from Myanmar territory again on Tuesday morning. (R. Today: 11)

Home Minister says, about 1.2 million Rohingya citizens of Myanmar are in BD. Adds, now Rohingya or whoever comes, no one from Myanmar will be allowed to enter into BD from Myanmar. (Jago FM: 14

Religious Affairs Minister Faridul Haque Khan says, despite govt. efforts, the fluctuating exchange rates, particularly the high price of the US Dollar, have posed obstacles in fixing lower Hajj package rate. (Jago FM: 15)

Law Minister Anisul Haque says, considering the technological excellence of the present world, Bangladesh has taken the initiative to formulate a law on Artificial Intelligence (AI). (VOA: 05)

HC gave custody of eldest & youngest daughter to Japanese mother Eriko Nakano after almost 3 years. According to ruling, couple's 2nd daughter will stay with Bangladeshi father Imran Sharif. (BBC: 03)

Flowers have become the main accessory in any festival. Various types of flowers are found throughout the year. Florists say that the 200 crore flower market has crossed thousands of crores in a few years. (DW: 08)

Fortify Rights urges all parties engaged in armed conflict in Myanmar to protect civilians. Adds, 12 civilians were killed & 32 injured in four days of shelling by Myanmar military in a village in Rakhaine. (VOA: 04)

Corona infected patients has started increasing again in the country. 51 people have been diagnosed with corona virus yesterday. Total number of affected patients stands at 20 lakh 47 thousand 571 people. (R. Today: 11)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ০১, বাংলা ১৪৩০, ফেব্রুয়ারি ১৪, ২০২৪, বুধবার, নং- ৪৫, ৫৪তম বছর**

# শিরোনাম

অভিন্ন লক্ষ্য অর্জনে বাংলাদেশ এবং বিমসটেক একসঙ্গে কাজ করবে বলে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন ভারত সবসময় বাংলাদেশের বন্ধুপ্রতিম দেশ। (ভোয়াঃ ০৪)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি গুম ও খুন নিয়ে তথ্য উপাত্ত ছাড়া মিথ্যাচার করছে। দেশ বাঁচাও আন্দোলনের নামে তারা দেশটাকে ধ্বংস করতে, মানুষকে মেরে ফেলতে চায়। (রে. টুডেঃ ১০)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও সিলেটের এমসি কলেজ এর মত বাংলাদেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এখন ধর্ষকরা উৎসব করছে বলে মন্তব্য করেছেন বিএনপি সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী। তিনি বলেন, দেশে এক দুর্বিসহ দুঃশাসন চলছে। (রে. টুডে : ১১)

কয়েকদিন শান্ত থাকার পর আবারও উত্তপ্ত হয়ে উঠেছে মিয়ানমারের সীমান্ত। কক্সবাজারের টেকনাফ উপজেলার বালুখালি এলাকার ওপারে মিয়ানমারের ভেতর মুহুর্মুহু গুলির আওয়াজ ভেসে আসছে। (রে. টুডে : ১১)

মিয়ানমার থেকে আর কাউকে বাংলাদেশে প্রবেশ করতে দেওয়া হবে না বলে সাফ জানিয়ে দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, মিয়ানমারের নাগরিক প্রায় ১২ লাখ রোহিঙ্গা বাংলাদেশে রয়েছেন। এখন রোহিঙ্গা বা যেই আসুক না কেন, মিয়ানমার থেকে আর কাউকে প্রবেশ করতে দেওয়া হবে না। (জাগো এফএমঃ ১৪)

ডলারের মূল্যবৃদ্ধির প্রভাবে সৌদি আরবের মুদ্রা রিয়ালের দামও অনেক বেড়ে গেছে। ফলে বাংলাদেশ সরকারের ইচ্ছা সত্ত্বেও হজ্জের ব্যয় কমানো সম্ভব হয়নি বলে জানিয়েছেন ধর্মমন্ত্রী মোঃ ফরিদুল হক খান। (জাগো এফএমঃ ১৫)

বর্তমান বিশ্বের প্রযুক্তি উৎকর্ষতার কথা বিবেচনা করে, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স (এআই) বিষয়ক আইন প্রণয়ন করার উদ্যোগ নিয়েছে বাংলাদেশ সরকার। এ কথা জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক। (ভোয়াঃ ০৫)

প্রায় তিন বছর পর অবশেষে হাইকোর্টের আদেশে জাপানি নাগরিক মা নাকানো এরিকো তার তিন কন্যা সন্তানের মধ্যে বড় মেয়ে ও ছোট মেয়ের জিম্মা পেয়েছেন। রায় অনুযায়ী, বাবা ইমরান শরীফের কাছে থাকবে মেজো মেয়ে। (বিবিসি : ০৩)

যে কোন উৎসবে ফুলই হয়ে উঠেছে এখন প্রধান অনুষঙ্গ। বছরজুড়েই এখন মিলছে নানা প্রজাতির ফুল। ফুল ব্যবসায়ীরা বলছেন, ২০০ কোটির ফুলের বাজার কয়েক বছরেই হাজার কোটি ছাড়িয়ে গেছে। (ডয়চে ভেলে : ০৮)

মানবাধিকার সংগঠন ফর্টিফাই রাইটস মিয়ানমারে সশস্ত্র সংঘাতে জড়িত সকল পক্ষকে বেসামরিক নাগরিকদের সুরক্ষার জন্য আহ্বান জানিয়েছে। আরও বলেছে, রাখাইনের একটি গ্রামে মায়ানমার সেনাবাহিনীর চারদিনের গোলাবর্ষণে ১২ বেসামরিক লোক নিহত ও ৩২ জন আহত হয়েছে। (ভোয়াঃ ০৪)

দেশে আবারও বাড়তে শুরু করেছে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা। গত ২৪ ঘণ্টায় ৫১ জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এ নিয়ে মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৭ হাজার ৫৭১ জন। (রে. টুডে : ১১)

# বিবিসি

## বাংলাদেশি বাবা বনাম জাপানি মাঃ কোন মেয়ে কার কাছে থাকবে রায় দিয়েছেন হাইকোর্ট

প্রায় তিন বছর পর অবশেষে বাংলাদেশের হাইকোর্টের আদেশে জাপানি নাগরিক মা নাকানো এরিকো তার তিন কন্যা সন্তানের মধ্যে বড় মেয়ে ও ছোট মেয়ের জিম্মা পেয়েছেন। রায় অনুযায়ী, বাবা ইমরান শরীফের কাছে থাকবে মেজো মেয়ে। মঙ্গলবার দেয়া রায়ে হাইকোর্ট বলেছে, বাবা–মা উভয়েই সন্তানদের সাথে দেখা করার পূর্ণাঙ্গ সুযোগ পাবেন। বাবা ইমরান শরীফ বড় ও ছোট মেয়ের সাথে যাতে দেখা করতে পারেন সে বিষয়ে মায়ের আইনজীবীকে নির্দেশ দেয়া হয়েছে। নাকানো এরিকোর আইনজীবী শিশির মনির বিবিসি বাংলাকে বলেন, "রায়ের ফলে বড় মেয়েকে জাপানে নিয়ে যেতে বাধা নেই। কারণ রায়ে এ বিষয়ে কোনো রেস্ট্রিকশন দেয়া হয়নি।„ একইসাথে মেজো মেয়ের জিম্মা চেয়ে হাইকোর্টের এ রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে আপিল করার কথা জানিয়েছেন মি. মনির। বাবা ইমরান শরীফের আইনজীবী নাসিমা আক্তার জানিয়েছেন, "মেয়েদের দেখাশোনা কীভাবে করা হবে তা পূর্ণাঙ্গ রায় প্রকাশের পর দেখে ব্যবস্থা নেয়া হবে। তবে, বড় মেয়েকে মা নাকানো এরিকোর জিম্মায় দেয়ার এ রায়ের বিরুদ্ধে আপিল করা হবে।„ তবে, মা এরিকো বড় মেয়েকে জাপানে নিয়ে যেতে পারবেন কি না- তা পূর্ণাঙ্গ রায় না পেলে বোঝা যাবে না বলে মনে করছেন বাবা ইমরান শরীফের আইনজীবী মিজ আক্তার।

উভয়পক্ষের আইনজীবীরা জানিয়েছেন, মঙ্গলবার আদালত শুধু রায়টুকু ঘোষণা করেছেন। কোনো পর্যবেক্ষণ দেননি। ফলে পূর্ণাঙ্গ রায় প্রকাশের পর মেয়েদের দেখাশোনা কে কখন কীভাবে করবে এবং দেশের বাইরে তাদের নিয়ে যাওয়া যাবে কি না এ বিষয়টি পূর্ণাঙ্গভাবে বোঝা যাবে বলে জানিয়েছেন তারা। পেশায় চিকিৎসক জাপানি নাগরিক নাকানো এরিকো ২০২১ সালের অগাস্টে বাংলাদেশে এসে দুই কন্যা সন্তানকে নিজের জিম্মায় পেতে হাইকোর্টে রিট করেছিলেন। কারণ তাদের বাবা বাংলাদেশি বংশোদ্ভূত মার্কিন নাগরিক ইমরান শরীফ মায়ের সম্মতি ব্যতীত **১০** ও **১১** বছর বয়সী দুই মেয়েকে নিয়ে বাংলাদেশে চলে এসেছিলেন। এই অভিযোগে হাইকোর্টে রিটটি করেছিলেন নাকানো এরিকো। সে সময় জানা যায়, প্রকৌশলী ইমরান শরীফের সাথে চিকিৎসক নাকানোর বিয়ে হয়েছিলো ২০০৮ সালে। পারিবারিক সংকটের জেরে এরিকো ২০২০ সালে ডিভোর্সের আবেদন করেছিলেন। সে সময় এই বিষয়টি নিয়ে বাংলাদেশের গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে চলে ব্যাপক আলোচনা। এই রিটে অভিযোগ করা হয়েছিলো, টোকিওতে স্কুল থেকে বাড়ি ফেরার সময় তাদের বাবা তিন মেয়ের মধ্যে বড় দুই মেয়েকে মায়ের অগোচরে অন্য কোথাও নিয়ে যান। এছাড়া মিথ্যা তথ্য দিয়ে মেয়েদের পাসপোর্ট করিয়ে **২১**শে ফেব্রুয়ারি বাংলাদেশে চলে আসে বলে অভিযোগ করা হয় বাংলাদেশের হাইকোর্টে করা রিটটিতে। এই রিটের পর মায়ের অভিযোগের প্রেক্ষিতে আইন শৃঙ্খলা বাহিনী দুই মেয়েকে উদ্ধার করে। পরে সে সময় হাইকোর্ট শিশু দুটিকে একটি নির্ধারিত সময় পর্যন্ত ঢাকার তেজগাঁওয়ের ভিকটিম সাপোর্ট সেন্টারে রাখার নির্দেশও দিয়েছিলে। বিভিন্ন সময়ে মা নাকানো মেয়েদের নিয়ে জাপান ফিরে যেতে আবেদন করলে বাংলাদেশের আদালত তা খারিজ করে দেয়। রিটটির কয়েক মাসের শুনানির পর তখন হাইকোর্ট দুই সন্তানকে বাবার হেফাজতে দিলেও মা যাতে সন্তানদের সাথে সাক্ষাৎ করতে পারেন সেটি নিশ্চিত করার আদেশ দেন। সেই রায়ের বিরুদ্ধে আপিল বিভাগে আবেদন করেন মা নাকানো এরিকো। আপিল বিভাগ দুই শিশুকে তাদের মায়ের জিম্মায় রাখার নির্দেশ দিলেও তাদের বাবা তা প্রতিপালন না করায় আদালত দুই শিশুকে তাদের বাবার হেফাজত থেকে এনে তাদের সাথে কথা বলেন। এরপর দুই শিশুকে মায়ের হেফাজতে দেয়ার আদেশ দেয়া হয়। ওই আদেশে আপিল বিভাগ বলেছিলে যে, দুই সন্তান কার হেফাজতে থাকবে সেটির নিষ্পত্তি হবে পারিবারিক আদালতে এবং সে পর্যন্ত তারা তাদের মায়ের কাছেই থাকবে।

এরপর আপিল বিভাগ পারিবারিক আদালতে মামলা দ্রুত নিষ্পত্তির আদেশ দেয়। গত বছরের **২৯**শে জানুয়ারি ইমরান শরীফের করা মামলা খারিজ করে দিয়ে দুই শিশুকে মা নাকানো এরিকোর জিম্মায় রাখার সিদ্ধান্ত দেন ঢাকার দ্বিতীয় অতিরিক্ত সহকারী জজ ও পারিবারিক আদালতের বিচারক দুরদানা রহমান। পারিবারিক আদালত নাবালিকা দুই শিশু কার কাছে থাকলে ভালো হবে সেটি বিবেচনা করে ওই রায় দেয়। রায়ের পর্যবেক্ষণে বলা হয়, "জাপানে বেড়ে ওঠা দুই শিশুর প্রাথমিক শুশ্রূষাকারী তাদের মা নাকানো এরিকো। অথচ তাকে কিছু না জানিয়ে আইনগত প্রক্রিয়া ছাড়া হঠাৎ অন্য একটি দেশে নিয়ে আসাটা মাতৃত্বের বিশ্বজনীন ও সর্বজনীন রূপটিকে অসম্মান করার সামিল„। "বাবা হিসাবে ইমরান শরীফ নাবালিকা দুই মেয়ের সঙ্গে দেখা করার হকদার। তবে জাপানি মায়ের কাছে দুই নাবালিকার হেফাজত তাদের শারীরিক, মানসিক ও পারিপার্শ্বিক অর্থাৎ সার্বিকভাবে মঙ্গলজনক হবে বলে আদালতের কাছে প্রতীয়মান হয়েছে।„ পরে পারিবারিক আদালতের এ রায়ের বিরুদ্ধে আবার ঢাকার জেলা জজ আদালতে আপিল করেন ইমরান শরীফ। গত বছরের **১৬**ই জুলাই আবেদন খারিজ হয়ে গেলে তিনি হাইকোর্টে রিভিশন আবেদন করেন। প্রায় তিন বছর পর অবশেষে বাংলাদেশি বাবা ও জাপানি মায়ের তিন সন্তানের অভিভাবকত্বের বিষয়ে বাংলাদেশের হাইকোর্টের রায় এলো। তবে, দুইপক্ষই আবার এ রায়ের বিরুদ্ধে আপিল করা কথা জানিয়েছেন।

(বিবিসি ওয়েব পেজ:১৩.০২.২০২৪ রিহাব)

# ভয়েস অফ আমেরিকা

## একুশে পদক-২০২৪ পাচ্ছেন ২১ বিশিষ্ট নাগরিক

বাংলাদেশের বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখায়, ২১ জন বিশিষ্ট নাগরিককে `একুশে পদক-২০২৪, দেয়ার সিদ্ধান্ত নিয়েছে দেশটির সরকার। মঙ্গলবার (১৩ই ফেব্রুয়ারি) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব আইরীন ফারজানার সই করা এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। এই ২১ বিশিষ্ট নাগরিকের মধ্যে ভাষা আন্দোল বিভাগে পদক পাচ্ছেন দুইজন। তারা হলেন; মো. আশরাফুদ্দীন আহমদ (মরণোত্তর) ও মুক্তিযোদ্ধা হাতেম আলী মিয়া (মরণোত্তর)। শিল্পকলার বিভিন্ন বিভাগে পদকের জন্য মনোনীত হয়েছেন ১১ জন। তারা হলেন; সংগীতে জালাল উদ্দীন খাঁ (মরণোত্তর), বীর মুক্তিযোদ্ধা কল্যাণী ঘোষ, বিদিত লাল দাস (মরণোত্তর), এন্ড্রু কিশোর (মরণোত্তর) ও শুভ্র দেব। এছাড়া, অভিনয়ে ডলি জহর ও এমএ আলমগীর, আবৃতিতে খান মো. মুস্তাফা ওয়ালীদ (শিমুল মুস্তাফা) ও রূপা চক্রবর্তী এ বছরের একুশে পদকের জন্য মনোনীত হয়েছেন। নৃত্যকলায় পদক পাচ্ছেন শিবলী মোহাম্মদ এবং চিত্রকলায় শাহজাহান আহমেদ বিকাশ। মুক্তিযুদ্ধ বিষয়ক প্রামাণ্যচিত্র নির্মাণ ও আর্কাইভিংয়ে কাওসার চৌধুরী; আর, সমাজসেবায় মো. জিয়াউল হক ও আলহাজ রফিক আহামদ একুশে পদক পাচ্ছেন। ভাষা ও সাহিত্যে এবার একুশে পদকের জন্য মনোনীত হয়েছেন চার জন। তারা হলেন; মুহাম্মদ সামাদ, লুৎফর রহমান রিটন, মিনার মনসুর ও রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ (মরণোত্তর)। শিক্ষায় পদকের জন্য মনোনীত হয়েছেন প্রফেসর ড. জিনবোধি ভিক্ষু। একুশে পদক বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক সম্মাননা। পুরস্কার হিসেবে প্রত্যেক ব্যক্তিকে একটি স্বর্ণপদক, এককালীন অর্থ (চেক) ও একটি সম্মাননাপত্র দেয়া হয়। (ভোয়া ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ এলিনা)

## বাংলাদেশ ও বিমসটেক অভিন্ন লক্ষ্য অর্জনে কাজ করবে, বলেছেন শেখ হাসিনা

অভিন্ন লক্ষ্য অর্জনে বাংলাদেশ এবং বে অফ বেঙ্গল ইনিশিয়েটিভ ফর মাল্টি সেক্টরাল টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক কো-অপারেশন (বিমসটেক) একসঙ্গে কাজ করবে বলে উল্লেখ করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার (১৩ই ফেব্রয়ারি) বিমসটেক মহাসচিব ইন্দ্র মণি পান্ডে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেন। এ সময় শেখ হাসিনা এ কথা বলেন। পরে, প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব কে এম সাখাওয়াত মুন এ বিষয়ে সাংবাদিকদের অবহিত করেন। সাখাওয়াত মুন জানান যে শেখ হাসিনা বলেছেন, আওয়ামী লীগ টানা চতুর্থবারের মতো ক্ষমতায় আসায় বাংলাদেশের মানুষ এখন গণতন্ত্র উপভোগ করছে। সাখাওয়াত মুন জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, "দেশের মানুষ এখন গণতন্ত্র উপভোগ করছে। একটা সময় ছিল, যখন দেশ সামরিক শাসনের অধীনে নিমজ্জিত ছিল।„ শেখ হাসিনা দেশের মানুষকে তার অন্যতম শক্তি হিসেবে অভিহিত করেন। বলেন, তার সরকার সব সময় গ্রামীণ উন্নয়নকে গুরুত্ব দিয়েছে। সাখাওয়াত মুন আরো জানান, শেখ হাসিনা বলেছেন যে, তিনি অসংখ্য গ্রাম পরিদর্শন করেছেন এবং জনগণকে খাদ্য উৎপাদন ছাড়া এক ইঞ্চি আবাদি জমিও ফেলে না রাখার জন্য উৎসাহিত করেছেন। বাংলাদেশের প্রধানমন্ত্রী বলেছেন, "আমি সবাইকে অনুরোধ করেছি, যেভাবেই হোক খাদ্য উৎপাদনে সম্পৃক্ত হতে হবে;„ জানান সাখাওয়াত মুন। সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন যে, অভিন্ন লক্ষ্য অর্জনে বাংলাদেশ ও বিমসটেক একসঙ্গে কাজ করবে। তিনি আরো বলেছেন, "ভারত সবসময় বাংলাদেশের বন্ধুপ্রতিম দেশ।„ প্রধানমন্ত্রী হিসেবে পুনঃনির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানান বিমসটেক মহাসচিব ইন্দ্র মণি পান্ডে। বিমসটেকের সঙ্গে বাংলাদেশের কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন বিমসটেক মহাসচিব। "বাংলাদেশের সঙ্গে বিমসটেকের চমৎকার সম্পর্ক অব্যাহত থাকবে;„ উল্লেখ করেন ইন্দ্র মণি পান্ডে। তিনি স্মার্ট বাংলাদেশ গড়তে বাংলাদেশের উন্নয়ন এবং স্বল্পোন্নত দেশের পর্যায় থেকে বাংলাদেশকে উন্নয়নশীল দেশে উত্তরণের প্রশংসা করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা জানান, আগামী তিন বছরের মধ্যে প্রস্তাবিত বিমসটেক সচিবালয় ভবনের নির্মাণ কাজ শেষ করার পরিকল্পনা করছে বাংলাদেশ। পরবর্তী শীর্ষ সম্মেলনের পর, বাংলাদেশ যখন সভাপতিত্ব গ্রহণ করবে, তখন বিমসটেক শীর্ষ সম্মেলন ফোরামের কার্যক্রম আরো জোরদার হবে বলে আশা প্রকাশ করেন শেখ হাসিনা। বিমসটেক প্রক্রিয়াকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী।

(ভোয়া ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ এলিনা)

## সব পক্ষের উচিত বেসামরিক নাগরিকদের রক্ষা করা, বলছে ফর্টিফাই রাইটস

মানবাধিকার সংগঠন ফর্টিফাই রাইটস মঙ্গলবার (১৩ই ফেব্রুয়ারি) বলেছে, মিয়ানমারে সশস্ত্র সংঘাতে জড়িত সব পক্ষের উচিত বেসামরিক নাগরিকদের রক্ষা করা। সংগঠনটি আরো বলেছে যে, আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) সদস্য দেশগুলোর উচিত রোম সংবিধি,র ১৪ অনুচ্ছেদের আওতায় মিয়ানমারের পরিস্থিতি সম্পর্কিত তথ্য চিফ প্রসিকিউটরের কাছে পাঠানো। মিয়ানমারের উত্তরাঞ্চলীয় রাখাইন রাজ্যের হপন নিয়ো লেইক গ্রামে ২৫ জানুয়ারি থেকে চার দিনব্যাপী হামলা হয়। এ সময়, বেসামরিক নাগরিকদের ওপর নির্বিচার হামলা ও হত্যাকাণ্ড সংঘঠিত হয়।

বেসামরিক বাড়িঘর ধ্বংস করা হয় এবং জোরপূর্বক বাস্তুচ্যুতির ঘটনা ঘটে। এসব ঘটনা নথিভুক্ত করেছে মানবাধিকার সংগঠন ফর্টিফাই রাইটস। ঘটনাগুলো যুদ্ধাপরাধের শামিল হতে পারে বলে মনে করছে সংগঠনটি। ফর্টিফাই রাইটস-এর পরিচালক জন কুইনলি বলেন, "যুদ্ধের আইন জান্তা বাহিনী ও সংঘাতের সমস্ত পক্ষের ক্ষেত্রে প্রযোজ্য এবং যখনই সম্ভব বেসামরিক নাগরিকদের আসন্ন আক্রমণ সম্পর্কে সতর্ক করতে হবে।„ "আমাদের সাম্প্রতিক তদন্তে দেখা গেছে, সামরিক হামলার কার্যকর সতর্কবার্তা বেসামরিক মানুষের জীবন বাঁচাতে পারত। জান্তার নৃশংস অপরাধ নিত্যদিনের ঘটনা;„ যোগ করেন জন কুইনলি। ফর্টিফাই রাইটস পরিচালক আরো বলেন, আইসিসির সদস্য দেশগুলোর উচিত জরুরি ভিত্তিতে পরিস্থিতি আদালতের কাছে পাঠানো এবং জান্তাকে বার্তা দেয়া যে, এসব হামলা অগ্রহণযোগ্য। মিয়ানমারের সামরিক জান্তা ২০২৪ সালের ২৫ জানুয়ারি থেকে শুরু করে টানা চার দিন ধরে উত্তর রাখাইন রাজ্যের বুথিডং টাউনশিপ-এর হপন নিয়ো লেইক গ্রামে গোলাবর্ষণ করেছে। ২৪ জানুয়ারি আরাকান আর্মি হপন নিয়ো লেইক গ্রামে পরিখা খনন করার পর এই হামলা শুরু হয়।

মিয়ানমারের সামরিক জান্তার চার দিনের গোলাবর্ষণের ফলে ৪৪ জন বেসামরিক লোক হতাহত হন। এর মধ্যে কমপক্ষে ১২ জন বেসামরিক মানুষ নিহত হয়েছে, আহত হয়েছে ৩২ জন। এদের মধ্যে, মধ্যে ৮ শিশু  এবং সবাই রোহিঙ্গা নাগরিক; জানায় ফরটিফাই রাইটস। ঘটনাস্থল সূত্রে জানা গেছে, হামলায় হপন নিয়ো লেইক ও আশেপাশের এলাকা থেকে শিশুসহ ১৫ হাজার বেসামরিক মানুষ বাস্তুচ্যুত হয়েছেন। একজন কমিউনিটি ভিত্তিক কর্মী এবং হপন নিয়ো লেইকের বাসিন্দা গ্রামে ধ্বংস হওয়া ৪১টি বেসামরিক বাড়ি চিহ্নিত করেছেন। এই এলাকায় আনুমানিক ১ হাজার বাড়ি রয়েছে। বেসামরিক ভুক্তভোগী এবং আক্রমণ থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের পাশাপাশি ধ্বংসপ্রাপ্ত সম্পত্তির মালিকদের নাম এবং শনাক্তকরণের তথ্য ফর্টিফাই রাইটস-এর নথিতে রয়েছে। তাদের জন্য ক্ষতিপূরণ দাবি করেছে মানবাধিকার সংগঠনটি। ফর্টিফাই রাইটস বিশ্বাস করে যে, মিয়ানমারের জান্তার লাইট ইনফ্যান্ট্রি ডিভিশন (এলআইডি) ২২, লাইট ইনফ্যান্ট্রি ব্যাটালিয়ন (এলআইবি) ৫৫১ ও মিলিটারি অপারেশন্স কমান্ড (এমওসি) -১৫ সম্ভবত এই হামলার জন্য দায়ী। যুদ্ধাপরাধের জন্য তাদের বিরুদ্ধে তদন্ত করা উচিত বলে মনে করছে মানবাধিকার সংগঠন ফর্টিফাই রাইটস। চলতি বছরের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে ফর্টিফাই রাইটস হপন নিয়ো লেইক গ্রামের চার বাসিন্দা এবং হামলায় বেঁচে যাওয়া ছয় রোহিঙ্গার সাক্ষাৎকার নেয়। ফর্টিফাই রাইটস মোবাইল ফোনের ভিডিও এবং কয়েক ডজন ছবি পর্যালোচনা করে দেখেছে। এগুলোতে, আহত বেসামরিক নারী, পুরুষ ও শিশুর পাশাপাশি জ্বলন্ত ভবন এবং বাড়িঘর হামলায় ক্ষতিগ্রস্ত হতে দেখা গেছে বলে জানিয়েছে সংগঠনটি। হপন নিয়ো লেইক গ্রামের বাসিন্দারা ফর্টিফাই রাইটস-কে বলেছেন, আরাকান আর্মি ২৪ জানুয়ারি গ্রামে পরিখা খনন করেছিলো হপন নিয়ো লেইক গ্রামের ২২ বছর বয়সী এক কৃষক ফর্টিফাই রাইটস-কে বলেন, "আমার গ্রামে অনেক রোহিঙ্গাকে হত্যা করা হয়েছে। সব মিলিয়ে ১০ জনের বেশি মানুষের মরদেহ দেখেছি। এত ভারী গোলাবর্ষণ হয়েছিল যে, আমি ও অন্যরা বাকি মৃত বা আহত গ্রামবাসীদের সন্ধান করার সাহস পাইনি।„ (ভোয়া ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ এলিনা)

## অবকাঠামোর পাশাপাশি গ্রাম এলাকার সার্বিক উন্নয়ন প্রয়োজন : শেখ হাসিনা

অবকাঠামো নির্মাণের পাশাপাশি গ্রাম এলাকার উন্নয়নের ওপর গুরুত্ব দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় এ আহবান জানান তিনি। শেখ হাসিনা বলেন, "আমি মনে করি অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি গ্রাম এলাকার সার্বিক উন্নয়ন প্রয়োজন।„ সভায়, স্বল্প অর্থ বরাদ্দের কারণে যেসব উন্নয়ন প্রকল্প বিলম্বিত হয়েছে, সেগুলো দ্রুত শেষ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন তিনি। "আমি মন্ত্রিপরিষদ সচিবকে বলব, প্রকল্পগুলো যাতে দ্রুত শেষ হয়, সে নির্দেশনা বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবকে যেন পৌঁছানো হয়;„ বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রকল্পগুলোর কাজ শেষ হলে, সরকারের জন্য নতুন উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা সহজ হবে বলে উল্লেখ করেন শেখ হাসিনা। তিনি জানান, কিছু উন্নয়ন প্রকল্পের মেয়াদ বাড়ানো হয়েছে। এই প্রকল্পগুলো খুব তাড়াতাড়ি শেষ করার তাগিদ দেন তিনি। "কারণ, অসমাপ্ত থাকলে প্রকল্পগুলোর ব্যয় অহেতুক বাড়বে এবং সময় নষ্ট হবে। এগুলো সম্পন্ন হওয়া নিশ্চিত করুন;„ যোগ করেন শেখ হাসিনা। দেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য সরকারকে অবশ্যই উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে বলে উল্লেখ করেন তিনি। আর, সরকারের লক্ষ্য অর্জনে যে কোনো ধরনের উন্নয়ন প্রকল্প গ্রহণের সময় সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

(ভোয়া ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ এলিনা)

## বাংলাদেশে এআই বিষয়ক আইন প্রণয়ন করা হচ্ছে, জানালেন আইনমন্ত্রী আনিসুল হক

বর্তমান বিশ্বের প্রযুক্তি উৎকর্ষতার কথা বিবেচনা করে, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স (এআই) বিষয়ক আইন প্রণয়ন করার উদ্যোগ নিয়েছে বাংলাদেশ সরকার। এ কথা জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক। মঙ্গলবার (১৩ই ফেব্রুয়ারি) আইন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে 'সেন্টার ফর এনআরবি'র একটি প্রতিনিধি দল আইনমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে। এ সময় আনিসুল হক এ কথা জানান। "আইন প্রণয়ন করার আগে অংশীজনদের

সঙ্গে অবশ্যই আলাপ-আলোচনা করা হবে;„ জানান আইনমন্ত্রী আনিসুল হক। তিনি আরো জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনবান্ধব আইন প্রণয়ন করতে চান। এজন্য তার সরকার আইন প্রণয়নের ক্ষেত্রে অংশীজনদের সঙ্গে আলাপ-আলোচনার সুযোগ রেখেছে। আনিসুল হক বলেন, আইন প্রণয়নের ক্ষেত্রে অংশীজনদের সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে নন-রেসিডেন্ট বাংলাদেশিরা যাতে তাদের মতামত জানাতে পারেন, সে বিষয়ে পদক্ষেপ নেয়া হবে। আনিসুল হক বলেন, ”সময়ের চাহিদার কারণে সরকার ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠার পাশাপাশি আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন প্রণয়ন করেছে।„ তিনি জানান; ভার্চুয়াল আদালত প্রতিষ্ঠা করা হয়েছে, বৃটিশ আমলের সাক্ষ্য আইন যুগোপযোগী করা হয়েছে। ”এখন দেশি-বিদেশি সব শ্রেণি-পেশার মানুষ সরকারের এসব কর্মকাণ্ডের সুফল পাচ্ছে;„ জানান আইনমন্ত্রী আনিসুল হক। (ভোয়া ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ এলিনা)

## বাংলাদেশের সমুদ্র ও স্থল বন্দর ব্যবহার করতে চায় নেপাল

বাংলাদেশের সমুদ্র বন্দর ও দুইটি স্থলবন্দর (বাংলাবান্ধা ও বুড়িমারী) ব্যবহার করতে চায় নেপাল। এ কথা জানিয়েছেন বাংলাদেশের নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) দুপুরে, নৌপরিবহন মন্ত্রণালয়ে বাংলাদেশে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভাণ্ডারি প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎ শেষে এ কথা জানা প্রতিমন্ত্রী। ”আগামী দুই-তিন মাসের মধ্যে আমাদের একটা বৈঠক হবে, সেখানে এ বিষয়গুলো চূড়ান্ত হবে;„ জানান প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। নৌপরিবহন প্রতিমন্ত্রী বলেন, নেপালের সঙ্গে বাংলাদেশের অনেক এনগেজমেন্ট আছে। নেপালের প্রচুর ছাত্র-ছাত্রী বাংলাদেশে লেখাপড়া করছে। চট্টগ্রাম, মোংলা ও পায়রা বন্দরের বিষয়ে নেপালের আগ্রহ রয়েছে। ”নেপাল ভূমি বেষ্টিত দেশ। তারা মূলত মোংলা বন্দর ব্যবহার করতে চায়। এছাড়া, তারা বাংলাবান্ধা ও বুড়িমারী স্থলবন্দর ব্যবহার করতে আগ্রহী;„ যোগ করেন খালিদ মাহমুদ চৌধুরী। তিনি জানান, এসব বিষয়ে নেপালের রাষ্ট্রদূত কথা বলেছেন এবং সহযোগিতা প্রত্যাশা করেছেন। রাষ্ট্রদূত ব্যক্তিগতভাবে বন্দরগুলো পরিদর্শন করেছেন বলেও জানান তিনি। খালিদ মাহমুদ চৌধুরী আরো বলেন, ”বিষয়গুলো সম্পর্কে দ্রুত সিদ্ধান্ত আশা করেছেন রাষ্ট্রদূত। আর, আমরাও বিষয়টি বাস্তবায়নের গুরুত্ব দিচ্ছি। প্রধানমন্ত্রী পর্যায়ে এটি নিয়ে কথা চলছে।„ প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিল্লি সফরকালে, তিনি সেখানে কিছু বিষয় উত্থাপন করেছেন। সেগুলোর মধ্যে ছিল-বাংলাদেশ কীভাবে ভারতের ২৩ কিলোমিটার ভূমি ব্যবহার করে নেপালের সঙ্গে সরাসরি যুক্ত হতে পারে; জানান বাংলাদেশের নৌপরিবহন প্রতিমন্ত্রী। প্রতিমন্ত্রী খালিদ জানান, নেপাল এখন বাংলাদেশের ফুলবাড়ী সীমান্ত পর্যন্ত আসতে পারে। কিন্তু বাংলাদেশের পণ্যবাহী যানবাহন নেপাল সীমান্ত পর্যন্ত যেতে পারে না। ”এ সংকট নিরসনে আমরা তিন দেশ (বাংলাদেশ, ভারত, নেপাল) মিলে কাজ করছি। এটা তারা চায়, আমরাও চাই। এই সমস্যার সমাধান হলে আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্য আরো বেশি মসৃণ হবে;„ জানান প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। (ভোয়া ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ এলিনা)

## জলবায়ু প্রতিশ্রুতি পূরণের জন্য উন্নত বিশ্বের প্রতি বাংলাদেশের আহ্বান

উন্নত দেশগুলোকে তাদের জলবায়ু প্রতিশ্রুতি পূরণের জন্য আহ্বান জানিয়েছে বাংলাদেশ। মঙ্গলবার (১৩ই ফেব্রুয়ারি) দুবাইতে ওয়ার্ল্ড গভর্নমেন্ট সামিটে বাংলাদেশের পক্ষে এ আহ্বান জানান পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাবের হোসেন চৌধুরী। বিশ্বব্যাপী সংহতি এবং আস্থা বৃদ্ধির প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন বাংলাদেশে পরিবেশমন্ত্রী। তিনি বলেন, কপ-২৮ এর সময় সংযুক্ত আরব আমিরাতে যে ঐকমত্য হয়েছিল, তা এ বিষয়ে নতুন গতি সৃষ্টি করেছে। ”এই গতিকে অব্যাহত রাখার প্রয়াস রাখতে হবে;„ বলেন সাবের হোসেন চৌধুরী। তিনি জানান, পূর্ববর্তী কপে নেয়া সিদ্ধান্ত অনুযায়ী, নির্গমন হ্রাস, সিদ্ধান্ত বাস্তবায়নের উপায় এবং অভিযোজন অর্থ সংক্রান্ত প্রতিশ্রুতিগুলো পূরণ করা হয়নি। ”এডাপটেশন গ্যাপ এবং ফাইন্যান্সিং গ্যাপের মতো শর্তগুলোর পেছনে মৌলিক `ট্রাস্ট গ্যাপ, রয়েছে বলে উল্লেখ করেন বাংলাদেশের পরিবেশমন্ত্রী। এই আস্থার ঘাটতি পূরণের জন্য সমন্বিত প্রচেষ্টা জোরদার করার জন্য আহ্বান জানান তিনি। সাবের হোসেন চৌধুরী বলেন, কপ-২৮ এ বিশ্বব্যাপী বিশ্বাস এবং সংহতি গড়ে তোলার প্রতি অগ্রাধিকার দেয়া হয়েছিল। এই লক্ষ্যের অনুসরণে এবং অভিযোজন ও লস অ্যান্ড ড্যামেজ মোকাবেলার জন্য তহবিল বৃদ্ধি করতে এবং তহবিলের ন্যায়সঙ্গত বন্টনের আহবান জানান বাংলাদেশের মন্ত্রী। সাবের হোসেন চৌধুরী আরো বলেন, তাপমাত্রা ১ দশমিক ৫ ডিগ্রি বৃদ্ধির মধ্যে সীমাবদ্ধ রাখতে হলে, সকল কর্মকাণ্ড অবশ্যই বিজ্ঞানভিত্তিক হতে হবে। ”জলবায়ু পরিবর্তনের যে সমস্যা আমরা তৈরি করছি, তার দ্রুত সমাধান করতে হবে;„ তিনি যোগ করেন।(ভোয়া ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ এলিনা)

## ক্ষমতা দখল করে ঔদ্ধত্য দেখাচ্ছে আওয়ামী লীগ : রুহুল কবির রিজভী

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, ”গত মাসে অনুষ্ঠিত ডামি নির্বাচনের মাধ্যমে আওয়ামী লীগ সরকার ক্ষমতা দখল করে ঔদ্ধত্য প্রদর্শন করছে।„ মঙ্গলবার (১৩ই ফেব্রুয়ারি) রাজধানী ঢাকার ফকিরাপুল এলাকায় লিফলেট বিতরণের আগে তিনি এ কথা বলেন। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

বাতিল ও নির্দলীয় সরকারের অধীনে নতুন নির্বাচনের দাবিতে বিএনপি নতুন এই কর্মসূচি পালন করছে। রুহুল কবির রিজভী গত ৭ই জানুয়ারি অনুষ্ঠিত নির্বাচনকে প্রহসন ও ডামি নির্বাচন বলে উল্লেখ করেন। তিনি বলেন, জনগণ এই নির্বাচন প্রত্যাখ্যান করার পর, সরকার এখন ঔদ্ধত্য প্রদর্শন করছে। ”তারা যে ক্ষমতা কেড়ে নিয়েছে, সেটা জনগণের কাছে প্রকাশ করার চেষ্টা করছে;„ বলেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি আরো বলেন, ঐক্যবদ্ধ আন্দোলনের মাধ্যমে সরকারের পতন নিশ্চিত করতে দেশের মানুষ জেগে উঠেছে। ”ডামি নির্বাচন বাতিলের দাবিতে আন্দোলনে আমাদের সবাইকে ঐক্যবদ্ধভাবে রাজপথে নামতে হবে। সে লক্ষ্য নিয়ে আমরা লিফলেট বিতরণ কর্মসূচি শুরু করেছি; তিনি যোগ করেন। জিয়াউর রহমানের আমলে সেনাবাহিনীর ওপর অনেক দমনপীড়ন হয়েছে এবং অনেক সেনা সদস্যকে ফাঁসির মঞ্চে পাঠানো হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার এমন বক্তব্যের জবাবে রিজভী বলেন, ”যারা সেনাবাহিনীর বিরুদ্ধে কাজ করেছে, তাদের বিরুদ্ধে আইনি প্রক্রিয়ার মধ্য দিয়ে সবকিছু করেছেন বিএনপির প্রতিষ্ঠাতা।„ তিনি আরো বলেন, ”আপনি (প্রধানমন্ত্রী) সেনা কর্মকর্তাদের গুম করে দিয়েছেন। ব্রিগেডিয়ার জেনারেল আব্দুল্লাহিল আমান আযমী কোথায়? আপনার সরকারের আমলে তাকে জোরপূর্বক গুম করা হয়েছে।„ আওয়ামী লীগ সরকার **১৯৭২-১৯৭৫** সালে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ ও অন্যান্য বিরোধী দল ও ভিন্নমতাবলম্বীর প্রায় ২০ হাজার নেতা-কর্মীকে হত্যা করেছে বলে উল্লেখ করেন রুহুল কবির রিজভী। তিনি বলেন, ”একইভাবে এই সরকারের আমলে অসংখ্য বিরোধী দলের নেতা-কর্মীকে হত্যা করা হয়েছে। ইলিয়াস আলী ও চৌধুরী আলম-সহ অনেককে জোরপূর্বক গুম করা হয়েছে।„(ভোয়া ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### মিয়ানমার থেকে আসা সৈন্যদের দুই একদিনের মধ্যেই ফেরত পাঠানো হবে-স্বরাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, মিয়ানমার থেকে রোহিঙ্গা বা অন্য কাউকেই আর প্রবেশ করতে দেয়া হবে না। বিজিবি, পুলিশ এবং কোস্টগার্ড-সহ সবাই সতর্ক অবস্থানে রয়েছে। এ সম্পর্কে বিস্তারিত জানিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতা :

আগামী দু-এক দিনের মধ্যেই মিয়ানমার থেকে পালিয়ে আসা সৈন্যদের জাহাজযোগে ফেরত পাঠানো হবে বলে জানিয়েছেন, স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। মঙ্গলবার ঢাকায় রাজারবাগ পুলিশ লাইন্সে, হাইওয়ে পুলিশ সেবা সপ্তাহ-২০২৪ এর উদ্‌বোধনী অনুষ্ঠানে একথা জানান তিনি। মন্ত্রী আরো বলেন, মিয়ানমার থেকে রোহিঙ্গা বা অন্য কাউকেই আর প্রবেশ করতে দেয়া হবে না। বিজিবি, পুলিশ ও কোস্টগার্ড-সহ সবাই সর্তক অবস্থানে রয়েছে। এসময় বিএনপির সমালোচনা করে তিনি বলেন, তারা ষড়যন্ত্রে বিশ্বাস করে বলেই, গণপরিবহনে আগুন দিয়ে পরিস্থিতি অস্থিতিশীল করার চেষ্টা করেছিল। সমস্যা মোকাবেলায় সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান স্বরাষ্ট্রমন্ত্রী। মিয়ানমার থেকে আর কাউকে বাংলাদেশে প্রবেশ করতে দেওয়া হবে না বলে সাফ জানিয়ে দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী। আরো বলেছেন, মিয়ানমারের চতুর্দিকেই যুদ্ধ লেগে আছে। বাংলাদেশ সীমানায় আরাকান আর্মির সঙ্গে তাদের বাহিনীর যুদ্ধ চলছে। আমরা দেখছি তাদের এই যুদ্ধ এখন কতটা তীব্রতর হয়েছে। তবে তারা এখানে জীবন রক্ষার জন্য এসেছে, যুদ্ধের জন্য না (স্বকণ্ঠে) : পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে জানিয়েছি তাদেরকে ফেরত নেওয়ার জন্য। আমার মনে হয় জাহাজযোগে দু-একদিনের মধ্যেই তাদের সরকারি বাহিনীর যে সদস্য বিজিপি এবং অন্যান্য যারা, সব তারা ফেরত নিয়ে যাবে। এখানে আমাদের সঙ্গে তাদের কোনো দ্বন্দ্ব নেই, আমাদের সঙ্গে তাদের কোনো যুদ্ধ কিংবা কোনোরকম কিছুই আমাদের নেই। তারা আত্মরক্ষার্থে এখানে প্রবেশ করেছে।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৩.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

### আজ ১৩ ফেব্রুয়ারি, বিশ্ব বেতার দিবস

বাংলাদেশ ও বিশ্বের অন্যান্য দেশে পালিত হচ্ছে বিশ্ব বেতার দিবস।

পৃথিবীর সবচেয়ে পুরনো গণমাধ্যম হিসেবে রেডিও বা বেতারের তথ্য ও বিনোদন সবসময়ই মানুষের হৃদয় ছুঁয়েছে। বাংলাদেশের মুক্তিযুদ্ধ অসামান্য ভূমিকা স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের। জাতিসংঘ ঘোষিত বিশ্ব বেতার দিবস আজ, **১৩**ই ফেব্রুয়ারি। ইউনেস্কো ঘোষিত এই দিবসটি ২০১২ সাল থেকে পালিত হচ্ছে দেশের অনেক স্থানে এখনো বিদ্যুৎ নেই, থাকলেও সেখানে নিরবিচ্ছিন্ন নয়। অনেক স্থানে স্যাটেলাইটের সংযোগও এখন পুরোপুরি নয়। সেসব এলাকায় জনগণের শিক্ষা, স্বাস্থ্য, তথ্য ও বিনোদনের চাহিদা পূরণের একমাত্র নির্ভরশীল মাধ্যম হচ্ছে বেতার। যেখানে সরকারি গণমাধ্যম বাংলাদেশ বেতারের পাশাপাশি বেসরকারি রেডিও, আন্তর্জাতিক রেডিও, আইআরআইবি রেডিও তেহরান কাস্ট করে যাচ্ছে। দেশের বেশিরভাগ জনগোষ্ঠীকে সেবা দিয়ে যাচ্ছে এই গণমাধ্যম। প্রাকৃতিক দুর্যোগপ্রবণ এই দেশে প্রায়ই উপকূলবর্তী এলাকাগুলোতে ক্ষতির সম্মুখীন হতে হয় মানুষকে। তাদের যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় বিভিন্ন ধরনের দুর্যোগের তথ্য দিতে বিশেষ করে আবহাওয়া এবং যেকোনো মুহূর্তের সংবাদ পৌঁছে দিতে কাজ করছে বেতার। আইআরআইবি ফ্যান ক্লাব বাংলাদেশের সভাপতি মোহাম্মদ জাকারিয়া চৌধুরী যুবরাজ বলেন (স্বকণ্ঠে) :

বৃহত্তর একটি জনগোষ্ঠী এখনো বেতারের উপর নির্ভরশীল। বিশেষ করে উপকূলীয় এলাকার লোকজন, যারা গভীর সমুদ্রে মাছ ধরে জীবিকা নির্বাহ করে তারা বেতারের উপরেই নির্ভর করে চলছে। আইআরআইবি ফ্যান ক্লাব ঢাকার সভাপতি ইঞ্জিনিয়ার মনজুরুল আলম রিপন মনে করেন (স্বকণ্ঠে) : আমরা ৯০-এর দশকে যেভাবে রেডিও তেহরানের কাছ থেকে একটা ফিডব্যাক, একটা প্রতিক্রিয়া পেতাম সবসময়, তখন থেকেই রেডিও তেহরানের প্রতি আমাদের বাংলা এবং ভারতের বাংলা ভাষাভাষী শ্রোতাদের একটা আলাদা দুর্বলতা বা টান রয়েছে। একবিংশ শতাব্দীর আকাশ ছোঁয়া প্রযুক্তির বিস্তারের পরেও বেতার সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে ব্যাপকভাবে কাজ করে যাচ্ছে। ফ্রেন্ডস ডি এক্মিম ক্লাবের প্রেসিডেন্ট মোঃ সোহেল রানা হৃদয় বলেন (স্বকণ্ঠে) : বিশ্ব বেতার দিবসে বিশেষ করে আমাদের মত শ্রোতাদের যা চাওয়া, সেটা হচ্ছে বেতার সবসময় শ্রোতাদের কাছাকাছি থাক। আর শ্রোতারা বেতারের সঙ্গে যেটুকু সম্পর্ক স্থাপন করে সেই সম্পর্কের দাম যেন বেতার কর্তৃপক্ষ দেয়। অনেকেরই ধারণা ইন্টারনেটের অগ্রযাত্রায় এই সময় রেডিও তার গুরুত্ব হারিয়েছে। কিন্তু ধারণাটি মোটেও সঠিক নয়। কারণ এখন সময় বদলেছে ঠিকই তবে সময়ের সঙ্গে তাল মিলিয়ে প্রচারণার ধরনও বদলে গেছে। এখন মানুষ রেডিও শোনে এর মোবাইল ফোনে কিংবা ইন্টারনেটে অ্যাপস দিয়ে। কিশোরগঞ্জ সরকারি কলেজের সহকারি অধ্যাপক ও আইআরআইবি ফ্যান ক্লাব কিশোরগঞ্জের সভাপতি মোঃ সাহাদত হোসেন বলেন (স্বকণ্ঠে) : অনুষ্ঠান শুনে শুধু শ্রোতারা সন্তুষ্ট নয় তারা চায় যে বেতারের সাথে সম্পৃক্ত থাকতে বেতারের কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত থাকতে এবং বেতারের পরিচিতি-পরিধি আরো বৃদ্ধি করতে। রেডিও তেহরানের শ্রোতা বৃদ্ধি এবং শ্রোতা সন্তুষ্টজনক কার্যক্রম অব্যাহত রাখবে বলে আশা করি।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৩.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

### ইসরায়েলের প্রতি মার্কিন সামরিক সহায়তা হ্রাসের পরামর্শ দিয়েছেন ইইউ কূটনীতিক

ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্র নীতির প্রধান গাজায় আক্রমণে ইসরায়েলি কমান্ডারদের তৎপরতাকে "অতিরিক্ত" বলে সমালোচনা করেছেন। জোসেপ বোরেল সোমবার বলেন, মার্কিন কর্মকর্তাদের উচিত তাদের সামরিক সহায়তা পুনর্বিবেচনা করা। ইসরায়েলি কমান্ডাররা দক্ষিণের শহর রাফাহতে একটি আক্রমণের জন্য প্রস্তুতি নিচ্ছেন, যেখানে এক মিলিয়নেরও বেশি ফিলিস্তিনি আশ্রয় নিয়েছেন। তাদের ভাষ্যমতে, এই এলাকা থেকে হামাস জঙ্গিদেরকে নির্মূল করতে হবে তাদের। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন গত সপ্তাহে বলেন যে, গাজায় আক্রমণ "সীমারেখা অতিক্রম" করেছে। বোরেল বলেন, বেসামরিক লোকজনের মৃত্যু সম্পর্কে কথা বলা এবং সে সম্পর্কে কিছু না করা "পরস্পরবিরোধী"। তিনি বলেন, "আপনি যদি বিশ্বাস করেন যে খুব বেশি লোক প্রাণ হারাচ্ছে, তাহলে হয়তো আপনার অস্ত্র সরবরাহ হ্রাস করা উচিত।" বোরেল ব্রাসেলসে ইইউ মন্ত্রীদের এক বৈঠকে সভাপতিত্ব করেন। তারা নিকট প্রাচ্যে ফিলিস্তিনি শরণার্থীদের জন্য জাতিসংঘের ত্রাণ ও কর্মসংস্থা বা আনরোয়া'র উপর দৃষ্টি নিবদ্ধ করেন। এই সংস্থার কর্মীদের বিরুদ্ধে অক্টোবরে ইসরায়েলি গ্রামে হামাসের হামলায় জড়িত থাকার অভিযোগ তুলেছেন ইসরায়েলি কর্মকর্তারা। এই অভিযোগের প্রতিক্রিয়ায় যুক্তরাষ্ট্র এবং অন্যান্য দাতা দেশসমূহ সংস্থাটির তহবিল স্থগিত করে দিয়েছে। আনরোয়া'র প্রধান ফিলিপ লাজারিনি বলেন, এই অর্থ "অত্যন্ত গুরুত্বপূর্ণ" ছিল। তিনি বলেন, সংস্থার অবশিষ্ট কর্মীরা আগামী কয়েকদিনে জানতে পারবেন যে, তারা তাদের কাজ চালিয়ে যেতে সক্ষম হবেন কি না।

(এনএইচকে ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### বসন্তের ভালোবাসা আর পূজায় ফুলের হাজার কোটি

যে কোনো উৎসবে ফুলই হয়ে উঠেছে এখন প্রধান অনুষঙ্গ। বছর জুড়েই এখন মিলছে নানা প্রজাতির ফুল। ফুল ব্যবসায়ীরা বলছেন, ২০০ কোটির ফুলের বাজার কয়েক বছরেই হাজার কোটি ছাড়িয়ে গেছে। প্রতিদিনই বাড়ছে ফুলের চাষ। দুই তিনটি জেলা থেকে এখন ফুলের আবাদ ছড়িয়ে পড়েছে দেশের ২৪টি জেলায়। পাশ্চাত্যের ভালোবাসা দিবস আর বাংলার বসন্ত যেন প্রেমিকযুগল হয়ে আসে একই দিন। বুধবার বসন্তের প্রথম দিন। সঙ্গে ভালোবাসা দিবস। এদিন বাড়তি পাওনা সনাতন ধর্মাবলম্বীদের বিদ্যার দেবী সরস্বতী পূজা। এ তিনটি উৎসবেই প্রধান অনুষঙ্গ ফুল। একই দিনে তিন উৎসব ঘিরে ফুল বাজারে রমরমা অবস্থা। ব্যস্ত ফুল ব্যবসায়ীরাও। চাহিদা বাড়তি থাকায় আগেভাগেই শুরু হয়েছে ফুলের বাণিজ্য। এরই মধ্যে ফুলের দাম বেড়েছে তিনগুণ। এবার রেকর্ড ফুল বিক্রির আশা করছেন ব্যবসায়ীরা। বাংলাদেশ ফ্লাওয়ার সোসাইটি বলছে, রাজধানীতে পাইকারি ও খুচরা পর্যায়ে ১২০ কোটি টাকার ফুল বিক্রি হতে পারে। ঢাকা ফুল ব্যবসায়ী কল্যাণ বহুমুখী সমবায় সমিতির অধীনে শাহবাগে দেড় শতাধিক তালিকাভুক্ত ব্যবসায়ী পাইকারি ফুলের বাজারে নেতৃত্ব দেন। আর শাহবাগ বটতলা ক্ষুদ্র ফুল ব্যবসায়ী সমবায় সমিতির অধীনে আছে খুচরা ফুল বিক্রির অর্ধশতাধিক দোকান। এ ছাড়া ৩০ থেকে ৩৫টি অস্থায়ী খুচরা দোকান রয়েছে। এখন ফুলের বাজার কেমন? জানতে চাইলে বাংলাদেশ ফ্লাওয়ার সোসাইটির সভাপতি বাবুল প্রসাদ ডয়চে ভেলেকে বলেন, ``এবার একই

দিনে পহেলা ফাল্গুন, সরস্বতী পূজা এবং ভালোবাসা দিবস। এ কারণে চাহিদা বেশি থাকায় ফুলের দাম বেড়ে গেছে। দাম বাড়তি হওয়ায় বাণিজ্যের হিসাবও বেড়েছে। ১৪ ফেব্রুয়ারি ঘিরে রাজধানীতে পাইকারি ও খুচরা পর্যায়ে ১২০ কোটি টাকার মতো ফুল বিক্রি হবে বলে আশা করছি। তিন উৎসবের ফুলের চাহিদা এক দিনে পূরণ করা কষ্টকর। সবাই চাইবেন ফুল সংগ্রহ করতে। সেক্ষেত্রে ফুলের দামটাও চড়া থাকবে। বর্তমানে বছরজুড়ে এক হাজার থেকে এক হাজার ২০০ কোটি টাকার ফুল বিক্রি হয়। আমরা আশা করছি, দু'এক বছরের মধ্যে দেশে ফুলের বাজার দুই হাজার কোটি টাকা ছাড়াবে।,,

ফুল ব্যবসায়ীরা বলছেন, ফেব্রুয়ারি মাসে এমনিতেই ফুল বিক্রি বেশি হয়। তবে ফুলের দাম এবার তিনগুণ বেড়েছে। ঢাকার বাজারে অধিকাংশ ফুলই আসে যশোরের গদখালী, চুয়াডাঙ্গার জীবননগর, ঝিনাইদহের কালীগঞ্জ, মানিকগঞ্জ, নারায়নগঞ্জের বন্দর ও সাভারের গোলাপ গ্রাম থেকে। এ ছাড়া থাইল্যান্ড, কেনিয়া, মালয়েশিয়া, চীন ও ভারত থেকেও ফুল আমদানি করা হয়। যেসব ফুল দেশে চাষ হয় না সেগুলোই বিদেশ থেকে আসে। ঢাকায় ১৯৮৭ সালে বাণিজ্যিকভাবে ফুল বিক্রি শুরু হয়। তখন বিক্ষিপ্তভাবে বিভিন্ন স্থানে ফুল বিক্রি হতো। ১৯৯০ সালে শাহবাগে প্রথম ফুলের বাণিজ্যিক পাইকারি মার্কেট স্থাপিত হয়। এ ছাড়া ঢাকার বিভিন্ন জায়গায় ফুটপাত এবং সড়কের পাশে ফুল বিক্রি হয়। গত বছরের তুলনায় এবার পাইকারি পর্যায়ে ফুলের দাম বেড়েছে। পাইকারি বাজারে মানভেদে একটি গোলাপ বিক্রি হচ্ছে ১৫ থেকে ৬০ টাকায়। জারবেরা ২০ থেকে ৫০ টাকা, গ্লাডিওলাস ২০ থেকে ৬০ টাকা ও রজনীগন্ধা ৫ থেকে ২০ টাকা দরে বেচাকেনা হচ্ছে। এ ছাড়া ২৫০ থেকে ৩৫০ টাকায় বিক্রি হচ্ছে এক হাজার গাঁদা ফুল। তবে খুচরা বাজারে একই ফুল বিক্রি হচ্ছে দ্বিগুণ দামে। পাইকারি বাজারে সব ফুলের দাম ১৫ থেকে ২০ টাকা করে বেড়েছে। একটি গোলাপ ৩০ থেকে ৬০ টাকা, একটু বড় সাইজের গোলাপ ৫০ থেকে ১০০ টাকা, জারবেরা ৪০ থেকে ৭০ টাকা, গ্লাডিওলাস ৪০ থেকে ৭০ টাকা ও রজনীগন্ধা প্রতি স্টিক ২০ থেকে ৪০ টাকা দরে বেচাকেনা হচ্ছে। শাহবাগের আনিকা পুষ্প বিতানের স্বত্বাধিকারী ও শাহবাগ বটতলা ক্ষুদ্র ফুল ব্যবসায়ী সমবায় সমিতির সভাপতি মোহাম্মদ আবুল কালাম আজাদ ডয়চে ভেলেকে বলেন, ``আগে মানুষ বিশেষ উৎসবে ফুল কিনতেন। এখন উপলক্ষ ছাড়াও ফুল কেনেন। উৎসব-উদ্‌যাপনে এখন কোনো গিফট কিনলেও সঙ্গে এক তোড়া ফুল থাকে। ফলে ফুলের ব্যবহার বহুমুখী হয়েছে। সঙ্গে বেড়েছে আবাদও। বাড়ছে দামও। কারণ চাষীদের খরচ বাড়ছে। আমরা মূলত যশোর থেকে ফুল সংগ্রহ করি। যশোরের ঝিকরগাছায় সবচেয়ে বেশি ফুলের চাষ হয়। ফলে সারাদেশে ফুলের মার্কেট কত, সেটা কিন্তু বলা মুশকিল। তবে এটা যে বাড়ছে সেটা আমরা বলতে পারি। শুধু শাহবাগেই ১৪ ফেব্রুয়ারি তিনটি উপলক্ষকে কেন্দ্র করে আমরা কোটি টাকার ফুল বিক্রির আশা করছি।,, ফুলের পাইকারি ব্যবসায়ী ইমামুল হোসেন ডয়চে ভেলেকে বলেন, ``তিনটি উপলক্ষ একসঙ্গে হওয়ায় এবার ফুলের চাহিদা অনেক বেশি। আমরা পাইকারি মার্কেটেও চাহিদা অনুযায়ী ফুল পাচ্ছি না। দু'দিন আগেও যে গোলাপের দাম ২০ থেকে ৩০ টাকায় বিক্রি হয়েছে, তা আজ (মঙ্গলবার) কিনেছি ৬০ টাকায়। বুধবার এই গোলাপ ১০০ থেকে ১২০ টাকায় বিক্রি হতে পারে। সাধারণ একটা ফুলের তোড়া আড়াইশ টাকা।,,

১৯৯৪ সাল থেকে শাহবাগে ফুল ব্যবসা করেন জামাল হোসেন। তিনি ডয়চে ভেলেকে বলেন, "তিনটি উৎসব তিন দিনে হলে ব্যবসা আরও ভালো হতো। ফুলের দোকান দিনরাত ২৪ ঘণ্টা খোলা থাকে। সাধারণত শাহবাগে বড় দোকানে প্রতিদিন ৬০ থেকে ৭০ হাজার টাকা বিক্রি হয়। আর ছোট দোকানে ২০ থেকে ৩০ হাজার টাকার ফুল বিক্রি হয়। এবার ফুলের বিক্রি খুবই ভালো হচ্ছে। দোকানে ৫০ রকমের ফুল রয়েছে। এর মধ্যে আছে ১৫ ধরনের বিদেশি ফুল।„ অবশ্য অধিকাংশ ক্রেতার অভিযোগ, ফুলের দাম বাড়তি। রফিকুল আলম নামের ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী বললেন, ১৪ ফেব্রুয়ারি বিশ্ব ভালোবাসা দিবস ও পহেলা ফাল্গুন উপলক্ষ্যে এরই মধ্যে ফুলের চাহিদা বেড়েছে। সেজন্য ব্যবসায়ীরাও দাম বেশি চাইছেন। কিন্তু এটি ঠিক নয়। তারা সাধারণ মানুষের চাহিদাকে পুঁজি করে অতিরিক্ত দাম নিচ্ছেন। শারমিন সুলতানা বললেন, অন্য সময়ের চেয়ে ফুলের দাম তিন গুণ বেশি। ভালোবাসা দিবসে ফুলের চাহিদা বেশি হয়ে ওঠে, কারণ এটি ভালোবাসা প্রকাশের উপযুক্ত উপহার। ফুলের মাধ্যমে মানুষের মধ্যে ভালোবাসার আনন্দ ও মনোমুগ্ধতা বেড়ে যায়। ব্যবসায়ীরা ঠিক এ সুযোগটি নিচ্ছেন।

যশোরের নীলকণ্ঠনগর গ্রামের ফুল চাষী ইসমাইল হোসেন ডয়চে ভেলেকে বলেন, ``আমি এক একর জমিতে ফুলের চাষ করি। বছরে খরচ বাদে ৭-৮ লাখ টাকা আয় হয়। আগে আমরা শুধু কয়েকজন ফুলের চাষ করলেও এখন আমাদের ঝিকরগাছায় মাঠের পর মাঠ ফুল চাষ হচ্ছে। অন্য আবাদ ছেড়ে ফুল চাষ করছেন।,, কেন চাষীরা ফুল চাষে আগ্রহী হচ্ছেন? জানতে চাইলে ইসমাইল হোসেন বলেন, ``প্রথমত এটা অনেক বেশি লাভজনক। আর দ্বিতীয়ত, কোন মৌসুমে একটু লস হলেও পরের মৌসুমে সেটা পুষিয়ে যায়। আর তৃতীয়ত, ফুল প্রতিদিন বিক্রি করা যায়। ধান বা অন্যান্য আবাদ একটা নির্দিষ্ট সময় পর উঠিয়ে বিক্রি করতে হয়। ফুলের ক্ষেত্রে তেমন না। একটি বাগান করলে প্রতিদিনই সেখান থেকে ফুল বিক্রি করা যায়। একেকদিন একেক জাতের ফুল তোলা যায়। ফলে চাষীদের হাতে সবসময় টাকা থাকে।,, যশোর ফুল উৎপাদক ও বিপণন সমবায় সমিতির সভাপতি আব্দুর রহিম ডয়চে ভেলেকে বলেন,

``যশোরের গদখালী ফুলের অন্যতম বড় মার্কেট। আমরাই প্রথম ফুলের যে ব্যবসা হয়, সেটা দেশের মানুষকে শিখিয়েছি। বছরে আমাদের গদখালী আড়তে ৩০ থেকে ৪০ কোটি টাকার ফুল বিক্রি হয়। যেভাবে এটা বাড়ছে, তাতে একশ' কোটিতে পৌঁছতে বেশিদিন লাগবে না। ২০১৯-২০২০ সালের দিকে আমাদের একটা জরিপ হয়েছিল, তখন দেখা গিয়েছিল এক হাজার ২০০ থেকে ৩০০ হেক্টর জমিতে ফুলের চাষ হয়েছিল। এখন সেটা আরও অনেক বেড়েছে। সরকারি সহায়তাও এখন অনেক বেড়েছে। পাশাপাশি পরিবহনও সহজ হয়েছে। দ্রুত আমরা ঢাকায় ফুল পৌঁছতে পারছি। যশোর থেকে এখন ফুল সব জেলাতেই যাচ্ছে। দেখেন, নেদারল্যান্ডসের ৬০ ভাগ রাজস্ব আসে ফুল থেকে। আমরাই চাই বাংলাদেশের অর্থনীতিতে ফুল একটা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আর ফুল চাষের জন্য আমাদের দেশের মাটি-আবহাওয়া অনেকটা ভালো। ফলে দিন দিন এটার বিস্তৃতি বাড়বে।,,

ফুল চাষে নতুন করে বিস্তৃতি ঘটেছে নারায়নগঞ্জের বন্দর উপজেলার কলাগাছিয়া ইউনিয়নের সাবদি গ্রামে। সেখানকার ফুল চাষি স্থানীয় ইউনিয়ন পরিষদের সদস্য মো. জামান হোসেন ডয়চে ভেলেকে বলেন, ``আমাদের এখানে ৮০ হেক্টর জমিতে দুই শতাধিক চাষি বর্তমানে ফুল চাষ করছেন। পাশাপাশি সাবদির আশপাশের দিঘলদি, সেলশারদি, মাধবপাশা ও আইছতলা গ্রামের আরও কয়েক হেক্টর জমিতে ফুলের আবাদ হয়। এছাড়া সোনারগাঁ উপজেলার সম্ভুপুরা ইউনিয়নের কয়েক গ্রামেও আবাদ করেন চাষিরা। এসব গ্রামের বাগানগুলোতে রজনীগন্ধা, গাঁদা, গ্লাডিওলাস, জারবেরা, বাগানবিলাস, চন্দ্রমল্লিকা, ডালিয়া, কসমস, দোলনচাঁপা, নয়নতারা, মোরগঝুঁটি, কলাবতি, বেলি, জিপসি, চেরি, কাঠমালতি, আলমন্ডা, জবা, রঙন, টগর ও রক্তজবাসহ ২০-২৫ ধরনের ফুল চাষ হয়। তবে এবার অতিরিক্ত শীত ও বৃষ্টির কারণে কিছু ফুল নষ্ট হয়ে গেছে। ফুলচাষ করে স্বাবলম্বী হয়েছে আমাদের ইউনিয়নের প্রায় ১৫ হাজার নারী-পুরুষ।,, বন্দর উপজেলা কৃষি কর্মকর্তা ফারহানা সুলতানা জানিয়েছেন, ``বছরের বারোমাসই বন্দরের কয়েকটি গ্রামে ফুল চাষ করা হয়। পুরো জেলায় ১৫৫ হেক্টরের বেশি জমিতে ফুল চাষ হচ্ছে। বিশেষ দিন ও বিভিন্ন দিবস উপলক্ষ্যে ফুলের বিক্রি নিয়ে ব্যস্ত ফুল চাষী ও ব্যবসায়ীরা। এ তিনটি দিবসেই প্রায় ৫ কোটি টাকার ফুল বিক্রির লক্ষ্যমাত্রা নিয়ে ব্যস্ততা ফুল চাষী ও ব্যবসায়ীদের।,, (ডয়চে ভেলে ওয়েব পেজ:১৩.০২.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### বাংলাদেশে কাউকে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করতে দেয়া হবে না : প্রধানমন্ত্রী

সরস্বতী পূজা উপলক্ষ্যে দেওয়া এক বাণীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশে কাউকে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করতে দেয়া হবে না। তিনি বলেন ধর্ম যার যার, উৎসব সবার- এই মন্ত্রে উজ্জীবিত হয়ে আমরা সকল ধর্মের উৎসব আনন্দমুখর পরিবেশে একসঙ্গে উদ্‌যাপন করি। বাণীতে প্রধানমন্ত্রী হিন্দু সম্প্রদায়ের সকলকে সরস্বতী পূজার শুভেচ্ছা জানিয়ে আরো বলেন আগামী দিনে সকল ধর্মের পারস্পারিক সম্প্রীতি আরও সুদৃঢ় হবে।
(রেডিও টুডে:২১৪৫ ঘ. ১৩.০২.২০২৪ আসাদ)

### বাংলাদেশ-সহ সারা বিশ্বে আজ পালিত হচ্ছে বিশ্ব বেতার দিবস

আজ বিশ্ব বেতার দিবস। বিশ্বের অন্যান্য দেশের মধ্যে বাংলাদেশেও নানা আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে দিনটি পালিত হচ্ছে। দিবসটি উপলক্ষ্যে সকালে রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ বেতার বর্ণাঢ্য শোভাযাত্রা, শ্রোতা সম্মেলন, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। বেতার দিবসের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে যোগ দেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। এসময় তিনি বলেন, বেতার জনসম্পৃক্ততা তৈরি করে দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ২০১১ সালের ৩ নভেম্বর জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিক বিষয়ক সংস্থা ইউনেস্কোর ৩৬তম সম্মেলনে ১৩ই ফেব্রুয়ারি প্রথমবারের মতো বেতার দিবস পালন করার সিদ্ধান্ত নেয়া হয়। এরপর ২০১২ সালের ১৩ই ফেব্রুয়ারি প্রথমবারের মতো বিশ্বে বেতার দিবস পালন করা হয়। এরই ধারাবাহিকতায় এবছর ত্রয়োদশ বিশ্ব বেতাব দিবস পালন করা হলো। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ১৩.০২.২০২৪ আসাদ)

### বৈদেশিক ঋণ যথাসময়ে ব্যবহারের নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বৈদেশিক ঋণ যথাসময়ে ব্যবহারের নির্দেশনা দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন উন্নয়ন সহযোগীদের ঋণ যাতে পাইপ লাইনে দীর্ঘদিন পড়ে না থাকে। মঙ্গলবার রাজধানীর আগারগাঁওয়ে এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি একনেক সভায় একনেক চেয়ারপারসন প্রধানমন্ত্রী এই নির্দেশনা দেন। পরে বৈঠকের কাছে পরিকল্পনা বিভাগের সিনিয়র সচিব সত্যজিৎ কর্মকার প্রধানমন্ত্রীর এই নির্দেশনার কথা তুলে ধরে বলেন প্রধানমন্ত্রী প্রকল্প বাছাইয়ের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়ার কথা বলেছেন। একই সাথে যে প্রকল্প গুলোর রিটার্ন তাড়াতাড়ি মিলবে এমন প্রকল্প গ্রহণ করার পরামর্শও দিয়েছেন সরকার প্রধান। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৩.০২.২০২৪ আসাদ)

### তথ্য-উপাত্ত ছাড়া গুম-খুন নিয়ে মিথ্যাচার করছে বিএনপি: ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি গুম ও খুন নিয়ে তথ্য-উপাত্ত ছাড়া মিথ্যাচার করছে। দেশ বাঁচাও আন্দোলনের নামে তারা দেশটাকে ধ্বংস করতে, মানুষকে মেরে ফেলতে চায়।

মঙ্গলবার বিকেলে আওয়ামী লীগের সভাপতির ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে এক বিফ্রিংয়ে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, বিএনপির নেতৃত্বে বিরোধী দল ক্রমাগত মিথ্যাচার এবং গুজবের মাধ্যমে জনগণকে বিভ্রান্ত করার অপকৌশল চালিয়ে যাচ্ছে। বিএনপি বলে, ১৩ জনকে জেলখানায় মেরে ফেলা হয়েছে। জেলখানায় যারা আছেন তারাও মানুষ। তাদেরও মৃত্যু হতে পারে। জেলে বন্দি অবস্থায় মৃত্যু হবে না সে কথা তারা বলে কী করে। জেলে যারা মারা গেছে তাদের নিজেদের নেতাকর্মী দাবি করে বিএনপি। কারা কারা মারা গেছে সেই তালিকা প্রকাশ করুক তারা।
(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৩.০২.২০২৪ আসাদ)

## মিয়ানমার থেকে পালিয়ে আসা ব্যাক্তিদের দু'এক দিনের মধ্যেই ফেরত পাঠানো হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

মিয়ানমারের সামরিক জান্তা বাহিনীর সঙ্গে বিদ্রোহীদের সংঘর্ষের জেরে দেশটি থেকে বাংলাদেশে পালিয়ে আসাদের দু'একদিনের মধ্যেই ফেরত পাঠানো হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আহাদুজ্জামান খান কামাল। মঙ্গলবার দুপুরে রাজারবাগ পুলিশ লাইনসে বাংলাদেশ পুলিশ অডিটরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে যোগদান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবের এ কথা জানান বলেন তিনি। এ সময় স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন মিয়ানমারের চতুর্দিকে যুদ্ধ লেগে আছে। বাংলাদেশ সীমান্তে আরাকান আর্মির সঙ্গে তাদের বাহিনীর যুদ্ধ চলছে। আমরা দেখছি তাদের এই যুদ্ধ এতটাই তীব্র হয়েছে যে, মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশরা ধারণা করছে যে, দু'একজন সেনা সদস্য আমাদের এখানে ঢুকে পড়েছে। এ সময় বিএনপির সমালোচনাও করেন স্বরাষ্ট্রমন্ত্রী। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৩.০২.২০২৪ আসাদ)

## নির্বাচন অংশগ্রহণমূলক হতে হবে এ কথা আমি সবসময় বলে আসছি : সিইসি

প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল বলেছেন আমরা সবসময় বলেছি নির্বাচন অংশগ্রহণমূলক হতে হবে। জাতির উদ্দেশ্য দেওয়া ভাষণেও আমি এ কথা বলেছিলাম। বিএনপির জন্য সময় এখনো ফুরিয়ে যায়নি। মঙ্গলবার দুপুরে রাজধানীর আগারগাঁয়ে এনইসি সম্মেলন কক্ষে আরএফআইডির নবনির্বাচিত কমিটির দায়িত্ব গ্রহণ ও বিদায়ী কমিটির সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন ক্ষমতা নয়; দায়িত্বই আমাদের গ্রহণ করতে হবে। ক্ষমতা শব্দটি যদি আমরা পরিহার করতে পারি তাহলে দেশ ও সমাজ অনেক বেশি এগিয়ে যাবে।
(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৩.০২.২০২৪ আসাদ)

## দেশে আবারো করনায় আক্রান্ত রোগীর সংখ্যা বাড়ছে

দেশে আবারও বাড়তে শুরু করেছে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা। গত ২৪ ঘণ্টায় ৫১ জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এ নিয়ে মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৭ হাজার ৫৭১ জন। তবে ২৪ ঘণ্টায় করোনায় আক্রান্ত হয়ে কারো মৃত্যু হয়নি। মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে আরো জানা হয়েছে ২৪ ঘণ্টায় করোনা থেকে ৫৭ জন সুস্থ হয়েছেন। এ পর্যন্ত মোট সুস্থ হয়েছেন ২০ লাখ ১৪ হাজার ৮৮৫ জন। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৩.০২.২০২৪ আসাদ)

## কয়েকদিন শান্ত থাকার পর আজ মঙ্গলবার আবারও উত্তপ্ত হয়ে উঠেছে মিয়ানমারের সীমান্ত

কয়েকদিন শান্ত থাকার পর আজ মঙ্গলবার সকাল থেকে আবারও উত্তপ্ত হয়ে উঠেছে মিয়ানমারের সীমান্ত। কক্সবাজারের টেকনাফ উপজেলার ওয়াইক্যাং ইউনিয়নের বালুখালি এলাকার ওপারে মিয়ানমারের ভেতর আজ সকাল থেকে মুহুর্মুহু গুলির আওয়াজ ভেসে আসছে। নিয়মিত বিরতিতে শোনা যাচ্ছে বিকট বিস্ফোরণের শব্দ। এ ঘটনায় স্থানীয়দের মধ্যে তীব্র আতঙ্ক বিরাজ করছে বলে জানিয়েছেন ওয়াইক্যাং ইউনিয়ন পরিষদ সদস্য সিরাজুল মোস্তফা। বালুখালী সীমান্তের ওপারে মিয়ানমার অংশে ইতোমধ্যে নিজেদের দখল প্রতিষ্ঠা করেছে বিদ্রোহী আরাকান আর্মি। তাদের সামনে টিকতে না পেরে মিয়ানমারের বর্ডার গার্ড সদস্যরা বাংলাদেশের পালিয়ে এসেছেন।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০২.২০২৪ রুবাইয়া)

## বাংলাদেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এখন ধর্ষকরা উৎসব করছে: রিজভী

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও সিলেটের এমসি কলেজ-এর মত বাংলাদেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এখন ধর্ষকরা উৎসব করছে বলে মন্তব্য করেছেন বিএনপি সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী। মঙ্গলবার যুবদলের নেতাকর্মীদের নিয়ে নয়া পল্টন এলাকায় লিফলেট বিতরণ কালে এই মন্তব্য করেন তিনি। রিজভী বলেন দেশে এক দুর্বিষহ দুঃশাসন চলছে। বিএনপি-সহ বিরোধী দলের উপর নিপীড়ন চলছে। নেতাকর্মীদের বাড়িঘর তছনছ করা হচ্ছে। ছেলেকে না পেলে বাবাকে বা ভাইকে, ছেলেকে না পেলে ভাইকে এমনকি নারীদেরও তুলে নিয়ে যাচ্ছে। এই অনাচারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। এ সময় ধর্ষণ ও নারী নির্যাতনের বিরুদ্ধে জাতীয়তাবাদী দলের অঙ্গ সংগঠনের নেতাকর্মীদের লড়াই চালানোর আহ্বান জানান রিজভী। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০২.২০২৪ রুবাইয়া)

## জাপানি শিশু বড় এবং ছোট- দুই বোন মায়ের কাছে এবং মেজ বোন বাবার কাছে থাকবে

জাপানি শিশু জেসমিন মালিকা ও তার ছোট বোন সোনিয়া তাদের জাপানি মা নাকানো এরিকোর কাছে থাকবে। মেজ মেয়ে লায়লা লীনা তাদের বাংলাদেশি বাবা ইমরান শরীফের কাছে থাকবে বলে রায় দিয়েছেন হাইকোর্ট। রায়ে বলা

হয়েছে প্রথম ও তৃতীয় মেয়েকে নিয়ে জাপানি নাগরিক নাকানো এরিকো বাংলাদেশে বা যেকোন দেশে বসবাস করতে পারবেন। তবে বাবা সন্তানদের সাথে দেখা সাক্ষাৎ করার সুযোগ পাবেন। একইসঙ্গে দ্বিতীয় মেয়ের লাইলা লীনা বাংলাদেশি বাবা ইমরান শরীফের কাছে থাকবে তবে জাপানি মা দ্বিতীয় মেয়ের সঙ্গে দেখার সুযোগ পাবেন। এ বিষয়ে আপিল আংশিক মঞ্জুর করে মঙ্গলবার বিচারপতি মামুনুর রহমানের একক হাইকোর্ট বেঞ্চ এ রায় দেন। এর আগে ঢাকা জেলা জজ আদালত বাংলাদেশে থাকা জাপানি দুই শিশু জেসমিন মালিকা ও লায়লা লীনা জাপানি মায়ের কাছে থাকবে বলে রায় দেন। এই রায়ের বিরুদ্ধে হাইকোর্টে রিভিশন আবেদন করেন ইমরান শরীফ।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০২.২০২৪ রুবাইয়া)

## নওগাঁ-২ আসনে নির্বাচনে জয় পেয়েছেন আওয়ামী লীগের প্রার্থী শহিদুজ্জামান সরকার

নওগাঁ-২ আসনে নির্বাচনে জয় পেয়েছেন আওয়ামী লীগের প্রার্থী শহিদুজ্জামান সরকার। ১ লাখ ১৮ হাজার ৮৬ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন তিনি। সোমবার রাতে এ ফলাফল ঘোষণা করেন রিটার্নিং কর্মকর্তা ও নওগাঁর জেলা প্রশাসক মোঃ গোলাম মাওলা। শহিদুজ্জামান সরকারের নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী এইচ এম আখতারুজ্জামান আলম পেয়েছেন ৭৪ হাজার ৩ শো ৬৩ ভোটে। এ নিয়ে শহিদুজ্জামান সরকার নওগাঁ-২ আসন থেকে পঞ্চম বারের মতো সংসদ সদস্য নির্বাচিত হলেন। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০২.২০২৪ রুবাইয়া)

## মঙ্গলবার দেশের তিন বিভাগে বৃষ্টি শুরু হতে পারে বলে জানিয়েছেন আবহাওয়া অধিদপ্তর

মঙ্গলবার দেশের তিন বিভাগে বৃষ্টি শুরু হতে পারে। পরবর্তী দুইদিনও দেশের বিভিন্ন স্থানে বৃষ্টি অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছেন আবহাওয়া অধিদপ্তর। তাপমাত্রা ধীরে ধীরে বেড়ে আগামী দিনগুলোতে শীত বিদায় নিতে পারে বলে জানিয়েছেন আবহাওয়াবিদরা। মঙ্গলবার সকালে দেশের সর্বনিম্ন তাপমাত্রা ৯ ডিগ্রি সেলসিয়াস ছিল পঞ্চগড়ের তেতুলিয়ায়। আবহাওয়াবিদ মোঃ হাফিজুর রহমান জানান মঙ্গলবার সকাল ৯ টা থেকে আগামী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী ও খুলনা বিভাগে দু-এক জায়গার বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশ-সহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। ভোরের দিকে সারাদেশে হালকা থেকে মাঝারি ধরনের কুয়াশা পড়তে পারে। এসময় সারাদেশে রাতের তাপমাত্রা এক থেকে দুই ডিগ্রি সেলসিয়াস বাড়তে পারে। এছাড়া দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে বলে জানাম তিনি। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০২.২০২৪ রুবাইয়া)

# জাগো এফএম

## পরিবহনের সুরক্ষা নিশ্চিত করে রফতানিতে ভূমিকা রাখবে হাইওয়ে পুলিশ : প্রধানমন্ত্রী

পরিবহনের সুরক্ষা নিশ্চিত করে দেশের রফতানি খাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য হাইওয়ে পুলিশের সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেবা সপ্তাহ উপলক্ষ্যে দেওয়া এক বাণীতে এ আহ্বান জানান প্রধানমন্ত্রী। মঙ্গলবার, ১৩ ফেব্রুয়ারি থেকে সেবা সপ্তাহ-২০২৪ পালন করা হচ্ছে জেনে সন্তোষ প্রকাশ করে শেখ হাসিনা হাইওয়ে পুলিশের সব সদস্যদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী জানান, 'মহান মুক্তিযুদ্ধে বাংলাদেশ পুলিশের রয়েছে গৌরবোজ্জ্বল আত্মত্যাগ ও বীরত্বের স্বর্ণোজ্জ্বল ইতিহাস। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে সাড়া দিয়ে ১৯৭১ সালের ২৫ মার্চ কালোরাতে অকুতোভয় বীর পুলিশ সদস্যরা গড়ে তুলেছিল প্রথম সশস্ত্র প্রতিরোধ।' দেশের স্বাধীনতার জন্য আত্ম-উৎসর্গকারী দেশপ্রেমিক বীর পুলিশ সদস্যদেরকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী বলেন, '১৯৯৬ সালে জনগণের ভোটে নির্বাচিত হয়ে আওয়ামী লীগ সরকার প্রথম একজন নারী পুলিশ অফিসারকে জেলা পুলিশ সুপার হিসেবে নিয়োগ প্রদান করে। সে সময় পুলিশের বাজেট বৃদ্ধি করা হয়, ঝুঁকি ভাতা প্রদান শুরু হয়, দ্বিগুণ রেশন প্রদান এবং পুলিশ কল্যাণ ট্রাস্ট প্রতিষ্ঠা করা হয়। জনবান্ধব পুলিশ প্রতিষ্ঠায় প্রশিক্ষণকে গুরুত্ব দিয়ে ২০০০ সালে পুলিশ স্টাফ কলেজ প্রতিষ্ঠা করা হয়। ২০০৯ সালে আওয়ামী লীগ সরকার গঠনের পর থেকে গত ১৫ বছরে পুলিশের সাংগঠনিক কাঠামোতে প্রয়োজনীয় সংখ্যক নতুন পদ সৃজন করে জনবল নিয়োগ করেছে। তাছাড়া ইন্ডাস্ট্রিয়াল, ট্যুরিস্ট, নৌ, পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন, এন্টি টেররিজম ও কাউন্টার টেররিজম এ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট-সহ বেশ কয়েকটি রেঞ্জ ও মেট্রোপলিটন ইউনিট প্রতিষ্ঠা করে বাংলাদেশ পুলিশকে একটি অত্যাধুনিক ও পেশাদার বাহিনীতে রূপান্তরিত করা হয়েছে। জাতীয় জরুরি সেবায় ৯৯৯ ইউনিট গঠন করা হয়েছে। নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী সার্ভিস ডেস্ক চালু ও বিট পুলিশিংয়ের মাধ্যমে পুলিশ সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া হচ্ছে।, শেখ হাসিনা বলেন, 'হাইওয়ে পুলিশকে আধুনিকায়ন করার লক্ষ্যে ৫০টি হাইওয়ে আউটপোস্ট নির্মাণ, আধুনিক যন্ত্রপাতি, যানবাহন ও জনবল বৃদ্ধি করা হয়েছে। ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে সার্বক্ষণিক নজরদারি বৃদ্ধির লক্ষ্যে নারায়ণগঞ্জের সাইনবোর্ড হতে চট্টগ্রাম সিটিগেইট পর্যন্ত ২৫০ কিলোমিটার এলাকায় অত্যাধুনিক ডাটা সেন্টার ও আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স সহকারে সিসিটিভি মনিটরিং সিস্টেম স্থাপন করা হচ্ছে। এর ফলে মহাসড়কে দুর্ঘটনা, প্রাণহানি হ্রাস পাবে ও নিরাপত্তা বৃদ্ধি পাবে। পাশাপাশি আইন-শৃঙ্খলা রক্ষা ও বৈদেশিক পণ্য রফতানি পরিবহনের সুরক্ষা নিশ্চিত করে দেশের রফতানি খাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।' তিনি বলেন, 'হাইওয়ে

পুলিশের সদস্যরা অব্যাহতভাবে মাদক ও মানবপাচার রোধ-সহ নিরাপদ সড়ক নিশ্চিতকল্পে নিরলসভাবে নিয়োজিত আছেন এবং রাষ্ট্রীয় সম্পদের সুরক্ষা নিশ্চিত করতে কার্যকর ভূমিকা রাখছেন।' সততা, নিষ্ঠা ও মানবিকতার সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে বাংলাদেশ পুলিশকে জাতির পিতার প্রত্যাশিত জনগণের পুলিশ হিসেবে গড়ে তুলতে নিরলসভাবে কাজ করার আহ্বান জানান প্রধানমন্ত্রী। এসময় প্রধানমন্ত্রী হাইওয়ে পুলিশ সেবা সপ্তাহ-২০২৪ উপলক্ষ্যে আয়োজিত কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ প্রতীক)

## ঋণ সঠিক সময়ে নিতে হবে, পাইপ লাইনে যেন পড়ে না থাকে : প্রধানমন্ত্রী

ডেভেলপমেন্ট পার্টনার যে ঋণ দিচ্ছে তা সঠিক সময়ে নিতে হবে বা ব্যবহার করতে হবে। দীর্ঘদিন যাতে পাইপ লাইনে পড়ে না থাকে। এছাড়া চলমান বিভিন্ন প্রকল্পের কাজ দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার, ১৩ ফেব্রুয়ারি জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি, একনেক সভায় তিনি এসব নির্দেশনা দেন। রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত একনেক সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী। সভাশেষে পরিকল্পনা বিভাগের সিনিয়র সচিব সত্যজিত কর্মকার প্রধানমন্ত্রীর দেওয়া নানা নির্দেশনা তুলে ধরেন। প্রধানমন্ত্রী বলেন, 'প্রকল্প বাছাইয়ের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে। যে প্রকল্পে তাড়াতাড়ি রিটার্ন মিলবে এমন প্রকল্প গ্রহণ করতে হবে।' প্রকল্প বাস্তবায়ন কাজ দ্রুত শেষ করতে বলেছেন তিনি। জনগণের কল্যাণ বিবেচনা করে প্রকল্প বাছাই ও দ্রুত বাস্তবায়ন করতে বলেছেন। কোনো জমি পতিত যেন না থাকে। এডিবি ক্লাইমেট চেঞ্জে অর্থায়ন করতে চায় এটা সঠিকভাবে দ্রুত ব্যবহার করতে হবে। সভায় সূচনা বক্তব্যে শেখ হাসিনা বলেন, 'এইসব বিষয়ে তার কার্যালয় থেকেও স্মরণ করিয়ে দেওয়া দরকার। প্রত্যেকটা মন্ত্রণালয় যেন এ বিষয়ে একটু নজর দেয়। প্রতিটি মন্ত্রণালয়ের যেসব প্রকল্প অল্প খরচ করলেই শেষ হয়ে যাবে, সম্পূর্ণ হয়ে যাবে, সেগুলো দ্রুত সম্পন্ন করে ফেলা দরকার।' তিনি বলেন, 'প্রকল্প সম্পন্ন করে ফেললে আমরা নতুন প্রকল্প নিতে পারব। কিছু কিছু প্রকল্পের মেয়াদ বাড়ানো হয়েছে। সেগুলোও দ্রুত শেষ করা উচিত। দ্রুত শেষ না করলে খরচও বাড়ে, কালক্ষেপণও হয়। সেটা যেন না হয়।' প্রকল্প নেওয়ার সময় গুরুত্ব বিবেচনা করে বাছাই করার নির্দেশ দিয়ে টানা চারবারের সরকার প্রধান বলেন, 'আর্থ-সামাজিক উন্নতির জন্য যে প্রকল্পগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ ও গ্রহণযোগ্য সেগুলো আমাদের নিতে হবে। প্রকল্প বাছাই করার সময় সেটা আমাদের দেখা দরকার। আমাদের যে লক্ষ্যটা আছে সেটা যেনো আমরা অর্জন করতে পারি।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ প্রতীক)

## হাইওয়ে পুলিশ সদস্যের থাকবে `বডি ওর্ন ক্যামেরা,

সেবার মান উন্নয়ন এবং স্বচ্ছতা, জবাবদিহিতা ও পেশাদারিত্ব নিশ্চিতের লক্ষ্যে আধুনিক প্রযুক্তিসম্পন্ন বডি ওর্ন ক্যামেরার অনলাইন নেটওয়ার্ক চালু করেছে হাইওয়ে পুলিশ। একই সঙ্গে মহাসড়কে যে কোনো অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনায় দ্রুত সহায়তা দিতে `হ্যালো এইচপি, অ্যাপ আগেই চালু করেছে সংস্থাটি। মঙ্গলবার, ১৩ ফেব্রুয়ারি রাজধানীর রাজারবাগ পুলিশ লাইনে হাইওয়ে পুলিশ সেবা সপ্তাহ-২০২৪ উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এ সেবার উদ্‌বোধন করেন। এই সময় হাইওয়ে পুলিশের অতিরিক্ত আইজিপি মোঃ শাহাবুদ্দিন খান বলেন, 'হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের বাংলাদেশ আজ অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় এগিয়ে যাচ্ছে। সেই অগ্রযাত্রায় বাংলাদেশের মহাসড়ক ব্যবস্থাকে আগামী ২০৪১ সালে বিশ্বের উন্নত রাষ্ট্রের মহাসড়কের পর্যায়ে নিয়ে যেতে পেশাদারিত্বের সঙ্গে আইনের যথাযথ প্রয়োগের মাধ্যমে সেবা ও উন্নয়নে হাইওয়ে পুলিশ সর্বদা সচেষ্ট।' তিনি বলেন, প্রতিষ্ঠালগ্ন থেকে প্রবল আন্তরিক ও পেশাদারিত্বের মাধ্যমে মহাসড়কে ডাকাতি, ছিনতাই, চুরি ও মাদক দমন-সহ মহাসড়কে দুর্ঘটনা রোধকল্পে নিরলসভাবে কাজ করছে হাইওয়ে পুলিশ। এছাড়া মহাসড়কে গুরুত্বপূর্ণ আপডেট-সহ অপরাধ নিয়ন্ত্রণে হ্যালো এইচপি অ্যাপস চালুর মাধ্যমে সড়ক-মহাসড়ক ব্যবহারকারীদের সহায়তা প্রদান, অপ্রীতিকর ঘটনা এড়াতে দ্রুত কাজ করা যাবে।' হাইওয়ে পুলিশের প্রধান শাহাবুদ্দিন খান বলেন, 'বডি ওর্ন ক্যামেরার সাহায্যে মহাসড়কে হাইওয়ে পুলিশের সব অপারেশনাল কার্যক্রম কন্ট্রোল রুমের মাধ্যমে কেন্দ্রীয় ও আঞ্চলিকভাবে সরাসরি তদারকি করা হচ্ছে। এছাড়া হ্যালো এইচপি অ্যাপের মাধ্যমে মহাসড়ক ব্যবহারকারী সব যাত্রী সাধারণ মুহূর্তের মধ্যেই ইমার্জেন্সি বাটনে স্পর্শ করে হাইওয়ে পুলিশের জরুরি সেবা গ্রহণ করতে পারবেন।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ প্রতীক)

## বাংলাদেশের সমুদ্র ও স্থলবন্দর ব্যবহার করতে চায় নেপাল : নৌ-পরিবহন প্রতিমন্ত্রী

বাংলাদেশের সমুদ্রবন্দর এবং দুটি স্থলবন্দর ব্যবহার করতে চায় নেপাল। মঙ্গলবার, ১৩ ফেব্রুয়ারি সচিবালয়ে নৌ-পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরীর সঙ্গে বাংলাদেশের নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভাণ্ডারি সাক্ষাৎ করে এ আগ্রহের কথা জানান। বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা জানান প্রতিমন্ত্রী। তিনি বলেন, নেপালের সঙ্গে আমাদের অনেক অ্যানগেইজমেন্ট আছে। নেপালের প্রচুর ছাত্র-ছাত্রী বাংলাদেশে লেখাপড়া করছে। চট্টগ্রাম, মোংলা এবং পায়রা বন্দরের ব্যাপারে নেপালের খুব আগ্রহ রয়েছে। নেপাল ভূমি বেষ্টিত একটি দেশ। তারা মূলত মোংলা বন্দর ব্যবহার করতে চায়। এছাড়া তারা বাংলাবান্ধা ও বুড়িমারী স্থলবন্দর ব্যবহার করতে চায়। বন্দর ব্যবহার করে তারা পণ্য আনা-

নেওয়া করতে চায়। এসব ব্যাপারে তিনি কথা বলেছেন এবং সহযোগিতা প্রত্যাশা করেছেন।' প্রতিমন্ত্রী বলেন, 'রাষ্ট্রদূত ব্যক্তিগতভাবে বন্দরগুলো পরিদর্শন করেছেন। তিনি চান যাতে দ্রুত এগুলো হয়। আমরাও এটি বাস্তবায়নের গুরুত্ব দিচ্ছি। প্রধানমন্ত্রী পর্যায়ে এটি নিয়ে কথা হচ্ছে। প্রধানমন্ত্রী যখন দিল্লি গিয়েছিলেন তিনি একটি বিষয় উত্থাপন করেছেন যে, আমরা কীভাবে ভারতের ২৩ কিলোমিটার ভূমি ব্যবহার করে নেপালের সঙ্গে সরাসরি যুক্ত হতে পারি। আগামী দুই-তিন মাসের মধ্যে আমাদের একটা মিটিং হবে, সেখানে এই বিষয়গুলো চূড়ান্ত হবে।' খালিদ মাহমুদ চৌধুরী বলেন, নেপাল এখন ফুলবাড়ী পর্যন্ত আসতে পারে; কিন্তু আমাদেরগুলো যেতে পারে না। এ সংকট নিরসনে আমরা তিন দেশ মিলে কাজ করছি। এটা তারা চায়, আমরাও সেটা চাই। এটা হলে বহির্বিশ্বে ব্যবসা-বাণিজ্য আরো বেশি স্মুথ হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ প্রতীক)

## এআই বিষয়ক আইন করার উদ্যোগ নিয়েছে সরকার : আইনমন্ত্রী

বর্তমানে বিশ্বব্যাপী প্রযুক্তির উৎকর্ষতার কথা বিবেচনা করে সরকার আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স, এআই বিষয়ক একটি আইন প্রণয়ন করার উদ্যোগ নিয়েছে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক। মঙ্গলবার, ১৩ ফেব্রুয়ারি সচিবালয়ে `সেন্টার ফর এনআরবির একটি প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকে আইনমন্ত্রী এ কথা বলেন। মন্ত্রী বলেন, 'এআই আইন নিয়ে প্রাথমিক আলাপ করা হচ্ছে। তবে এ আইন প্রণয়ন করার আগে অংশীজনদের সঙ্গে অবশ্যই আলাপ-আলোচনা করা হবে।' প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার সবসময় জনবান্ধব আইন প্রণয়ন করতে চায় জানিয়ে আইনমন্ত্রী বলেন, 'সেজন্যই তার সরকার আইন প্রণয়নের ক্ষেত্রে অংশীজনদের সঙ্গে আলাপ-আলোচনার সুযোগ রেখেছে।' প্রতিনিধি দলের প্রধান সেন্টার ফর এনআরবির চেয়ারপার্সন এম এস সেকিল চৌধুরীর দাবির পরিপ্রেক্ষিতে আইনমন্ত্রী বলেন, 'আইন প্রণয়নের ক্ষেত্রে অংশীজনদের সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে নন-রেসিডেন্ট বাংলাদেশিরাও যাতে ভার্চুয়ালি অংশ নিয়ে তাদের মতামত জানাতে পারেন, সেই বিষয়ে তিনি পদক্ষেপ নেবেন।' আনিসুল হক বলেন, 'সময়ের চাহিদার কারণে সরকার ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠার পাশাপাশি আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন প্রণয়ন করেছে। ভার্চুয়াল আদালত প্রতিষ্ঠা করেছে। বৃটিশ আমলের সাক্ষ্য আইন যুগোপযোগী করা হয়েছে। এখন দেশি-বিদেশি সব শ্রেণি-পেশার মানুষ সরকারের এসব কর্মকাণ্ডের সুফল পাচ্ছে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ প্রতীক)

## মিয়ানমার থেকে আর কাউকে প্রবেশ করতে দেওয়া হবে না : স্বরাষ্ট্রমন্ত্রী

মিয়ানমার থেকে আর কাউকে বাংলাদেশে প্রবেশ করতে দেওয়া হবে না বলে সাফ জানিয়ে দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। মঙ্গলবার, ১৩ ফেব্রুয়ারি দুপুরে রাজারবাগ পুলিশ লাইন্সে তিনি সাংবাদিকদের এ কথা জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'এমনিতেই মিয়ানমারের নাগরিক প্রায় ১২ লাখ রোহিঙ্গা বাংলাদেশে রয়েছেন। এখন রোহিঙ্গা বা যেই আসুক না কেন, মিয়ানমার থেকে আর কাউকে প্রবেশ করতে দেওয়া হবে না।' তিনি আরো বলেন, মিয়ানমারের চতুর্দিকেই যুদ্ধ লেগে আছে। বাংলাদেশ সীমানায় আরাকান আর্মির সঙ্গে তাদের বাহিনীর যুদ্ধ চলছে। আমরা দেখছি তাদের এই যুদ্ধ এতটাই তীব্র হয়েছে যে মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ, বিজিপি, সরকারি কর্মকর্তা, ধারণা করছি দুই-একজন সেনা সদস্য আমাদের এখানে ঢুকে পড়েছেন। এদের মধ্যে কেউ অস্ত্র নিয়ে এসেছেন, কেউ অস্ত্র ছাড়া ঢুকেছেন। তবে তারা এসেছেন জীবন রক্ষার জন্য, যুদ্ধের জন্য না। এরপর আমাদের বিজিবি সদস্যরা তাদের অস্ত্রগুলো রেখে আটক অবস্থায় আমাদের এখানে রেখেছেন। এদের মধ্যে যারা আহত তাদের চিকিৎসা দেওয়া হয়েছে। পরে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে আমরা তাদের ফেরত নিতে মিয়ানমারকে জানিয়েছি।, স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'মিয়ানমার অতি শিগ্‌গ্রোই জাহাজযোগে তাদের নিয়ে যাবে বলে বার্তা পাঠিয়েছে। আশা করছি ২-১ দিনের মধ্যেই তাদের সদস্যদের ফেরত নিয়ে যাবে। আমাদের সঙ্গে তাদের কোনো কনফ্লিক্ট নেই, কোনো রকম যুদ্ধ নেই, তারা আত্মরক্ষার্থে এখানে এসেছেন।' অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'আমরা স্পষ্ট করে বলে দিয়েছি এমনিতেই ১২ লাখ রোহিঙ্গা আমাদের এখানে। রোহিঙ্গা বা অন্য যে কেউ আসুক, মিয়ানমার থেকে আমরা কাউকে আর এখানে সেটেল হতে দেবো না।' তিনি আরো বলেন, 'যারা আত্মরক্ষার্থে এখানে আসছেন তাদের সরকারকে বলেছি নিয়ে যেতে। তারা নিয়ে যাচ্ছে। আমাদের বিজিবি, পুলিশ, কোস্টগার্ড সবাই অতন্দ্র প্রহরীর মতো কাজ করছে। সেখানে যুদ্ধ হচ্ছে, এ সীমানায় তাদের কেউ আসবে বলে মনে হচ্ছে না। তারপরও যদি আসে, আমাদের এখানে কেউ প্রবেশ করতে পারবে না।' বিজিপি সদস্যদের যারা আশ্রয় নিয়েছেন, রোহিঙ্গাদের ওপর আক্রমণে তাদের কেউ জড়িত ছিলেন কি না জানতে চাইলে আসাদুজ্জামান খান বলেন, 'আমাদের কাছে এ ধরনের কোনো লিস্ট নেই। তবে আমরা সে সময় দেখেছি মাইলের পর মাইল পুড়িয়ে দেওয়া হয়েছে, নদীতে লাশ ভেসে আসতে দেখেছি। সেখানে যে গণহত্যা চালাতে আমরা দেখেছি সে সময় তাদের আর্মি দাঁড়ানো ছিল। তবে তারাই গণহত্যা করেছেন কি না জানি না। আন্তর্জাতিক আদালতে এর বিচার চলছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ প্রতীক)

## ডলারের দাম বাড়ায় হজের খরচ কমানো সম্ভব হয়নি : ধর্মমন্ত্রী

ডলারের মূল্যবৃদ্ধির প্রভাবে সৌদি আরবের মুদ্রা রিয়ালের দামও অনেক বেড়ে গেছে। ফলে বাংলাদেশ সরকারের ইচ্ছা সত্ত্বেও হজের ব্যয় কমানো সম্ভব হয়নি বলে জানিয়েছেন ধর্মমন্ত্রী মোঃ ফরিদুল হক খান। মঙ্গলবার, ১৩ ফেব্রুয়ারি জাতীয় সংসদ অধিবেশনে ঢাকা-৫ আসনের সংসদ সদস্য মশিউর রহমান মোল্লা সজলের এক প্রশ্নের লিখিত উত্তরে তিনি এ কথা জানান। অধিবেশনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সভাপতিত্ব করেন। ধর্মমন্ত্রী বলেন, হজে মুসল্লি প্রেরণকারী দেশ হিসেবে বিশ্বের চতুর্থ বৃহত্তম বাংলাদেশ। ২০২৪ সালে বাংলাদেশের হজ যাত্রীর কোটা এক লাখ ২৭ হাজার ১৯৮। বিগত বছরগুলোর মতো এবারো যেনো পূর্ণ কোটায় হজযাত্রী পাঠানো যায় সেজন্য ২০২৩ সালের হজের চেয়ে ৯২ হাজার ৪৫০ টাকা কমিয়ে পাঁচ লাখ ৭৮ হাজার ৮৪০ টাকার সাধারণ হজ প্যাকেজ ঘোষণা করা হয়েছে। সব শ্রেণি-পেশার মানুষ যেনো হজে যেতে পারেন সেজন্যই এটি করা হয়েছে।' তিনি বলেন, 'মক্কা ও মদিনার অনেক এলাকায় বাড়ি ও হোটেল ভেঙে ফেলায় বাড়ি ভাড়ার ব্যয় এ বছর অনেক বেড়েছে। বৈশ্বিক নানা কারণে ডলারের মূল্যবৃদ্ধি পাওয়ায় রিয়ালের মূল্যও অনেক বেড়েছে। এছাড়া মিনায় আরাফায় তাঁবু ভাড়াসহ মোয়াল্লেম ফি বাড়ানো হয়েছে। এসব কারণে সরকারের ইচ্ছা সত্ত্বেও হজের ব্যয় কমানো সম্ভব হয়নি।' ফরিদুল হক খান আরো বলেন, 'অধিক সুযোগ-সুবিধা আশা করেন এরকম হজ যাত্রীদের ক্ষেত্রে সরকারি-বেসরকারি উভয় মাধ্যমের জন্য বিশেষ প্যাকেজের ব্যবস্থা রয়েছে। সরকারি মাধ্যমের বিশেষ প্যাকেজের মূল্য ৯ লাখ ৩৬ হাজার টাকা।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ প্রতীক)

## হাসপাতালে পরিকল্পনামন্ত্রী, ছিলেন না প্রথম একনেক সভায়

বর্তমান সরকারের প্রথম একনেক সভায় ৯টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। তবে নতুন সরকারের প্রথম একনেক সভায় নতুন পরিকল্পনামন্ত্রী মেজর জেনারেল অবসরপ্রাপ্ত আবদুস সালাম উপস্থিত ছিলেন না। পরিকল্পনামন্ত্রী গত কয়েকদিন ধরে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি আছেন বলে জানা গেছে। মঙ্গলবার ১৩ ফেব্রুয়ারি শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে একনেক সভা হয়। সভা শেষে বিস্তারিত তুলে ধরেন পরিকল্পনা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব সত্যজিৎ কর্মকার। আজকের সভায় সভাপতিত্ব করেন একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একনেক সভায় ৯টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় হবে ৪ হাজার ৪৫৩ কোটি টাকা। এর মধ্যে সরকারের নিজস্ব তহবিল বা জিওবি থেকে জোগান দেওয়া হবে ৩ হাজার ৯০৯ কোটি টাকা। এছাড়া বৈদেশিক ঋণ থেকে পাওয়া যাবে ৩৫৪ কোটি টাকা। পরিকল্পনা সচিব জানান, 'অসুস্থ থাকায় পরিকল্পনামন্ত্রী আবদুস সালাম একনেক সভায় উপস্থিত থাকতে পারেননি। মন্ত্রী অসুস্থ থাকায় ফাইলের অনুমোদন না পাওয়ায় মূল্যস্ফীতির তথ্যও দেওয়া যায়নি।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ প্রতীক)

## স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে সৌদি রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত এসসা ইউসেফ এসসা আল দুহাইলান। সাক্ষাৎকালে তারা বাংলাদেশের অভূতপূর্ব উন্নয়ন, সংসদীয় মৈত্রী গ্রুপের সফর বিনিময়ের মাধ্যমে অভিজ্ঞতা অর্জন, অর্থনৈতিক উন্নয়ন ও ব্যবসা-বাণিজ্যের প্রসার, দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নয়ন প্রভৃতি বিষয় নিয়ে আলোচনা করেন। মঙ্গলবার, ১৩ ফেব্রুয়ারি সংসদ ভবনে স্পিকারের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন সৌদি রাষ্ট্রদূত। সাক্ষাৎকালে শিরীন শারমিন চৌধুরী বলেন, 'সৌদি আরব বাংলাদেশের অকৃত্রিম বন্ধু ও অন্যতম উন্নয়ন সহযোগী। সৌদি আরবের মজলিশে শুরা কাউন্সিলের স্পিকার ড. আব্দুল্লাহ আল শেখের সাম্প্রতিক বাংলাদেশ সফরকালীন অনেক দ্বিপাক্ষিক সম্পর্কের আরো উন্নয়ন, কৃষি, বাণিজ্য, প্রযুক্তি ইত্যাদি খাতে পারস্পরিক সহযোগিতা বাড়ানোর বিষয়ে অনেক গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। সৌদি আরবের সহায়তায় বাংলাদেশে মডেল মসজিদ কাম ইসলামিক সেন্টার নির্মিত হচ্ছে, যা দুই দেশের দৃঢ় বন্ধুত্বের প্রমাণ।' সংসদীয় মৈত্রী গ্রুপের সফর বিনিময়ের মাধ্যমে অভিজ্ঞতা অর্জন ও দুই দেশের সম্পর্ক আরো দৃঢ় হবে মন্তব্য করে বাংলাদেশ থেকে সৌদি আরবে অধিক জনশক্তি রফতানির ওপর গুরুত্বারোপ করেন স্পিকার। এসময় রাষ্ট্রদূত এসসা ইউসেফ এসসা আল দুহাইলান বলেন, 'ভিশনারি নেতৃত্বের অধিকারী প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ ও দেশের জনগণকে অত্যন্ত ভালোবাসেন। বাংলাদেশের উন্নয়নে সৌদি আরব সবসময় সহযোগিতা করে থাকে। সংসদীয় মৈত্রী গ্রুপের পারস্পরিক সফর বিনিময় হলে দুই দেশের সংসদ সদস্যরা সমৃদ্ধ হবেন। বাণিজ্য, বিনিয়োগ, সংস্কৃতি, পর্যটন, প্রযুক্তি ইত্যাদি ক্ষেত্রে সৌদি আরব-বাংলাদেশ সমন্বয় করে কাজ করতে পারে।' দক্ষতার সঙ্গে সংসদ পরিচালনা ও পুনরায় স্পিকার নির্বাচিত হওয়ায় ড. শিরীন শারমিন চৌধুরীকে অভিনন্দন জানান রাষ্ট্রদূত। বাংলাদেশকে আঞ্চলিকভাবে গুরুত্বপূর্ণ দেশ হিসেবে উল্লেখ করে সৌদি রাষ্ট্রদূত বলেন, 'পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে দুই দেশের মধ্যে সহযোগিতা অব্যাহত থাকবে।' এসময় সংসদ সচিবালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ প্রতীক)

## ৬ মাসে ৫ হাজার ৯০০ কোটি ৫৪ লাখ ৫৬ হাজার ৯০৩ টাকার ওষুধ রফতানি : স্বাস্থ্যমন্ত্রী

চলতি অর্থ বছরের গত ডিসেম্বর পর্যন্ত ৬ মাসে প্রায় ৫ হাজার ৯০০ কোটি ৫৪ লাখ ৫৬ হাজার ৯০৩ টাকার ওষুধ রফতানি করা হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। এছাড়াও দেশে উৎপাদিত ওষুধ রফতানি উৎসাহিত করতে সরকারিভাবে প্রণোদনা দেওয়া হচ্ছে এবং চলতি বছরও ১০ শতাংশ হারে প্রণোদনা দেওয়া হচ্ছে বলে জানিয়েছেন মন্ত্রী। মঙ্গলবার, ১৩ ফেব্রুয়ারি জাতীয় সংসদের অধিবেশনে আওয়ামী লীগের সংসদ সদস্য আনোয়ার হোসেন খানের এক প্রশ্নের লিখিত উত্তরে তিনি এ তথ্য জানান। এসময় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী অধিবেশনে সভাপতিত্ব করেন। ডা. সামন্ত লাল সেন বলেন, 'বর্তমানে ইউরোপ ও আমেরিকা-সহ সারা বিশ্বের ১৫৭টি দেশে বাংলাদেশে উৎপাদিত প্রায় সব ধরনের ওষুধ রফতানি করা হয়ে থাকে। বাংলাদেশের ওষুধ শিল্পে উত্তরোত্তর উন্নতি হচ্ছে। দেশের মোট চাহিদার ৯৮ শতাংশ ওষুধ দেশেই উৎপাদিত হয়। বর্তমানে ইউরোপ ও আমেরিকা-সহ সারা বিশ্বের ১৫৭টিরও বেশি দেশে ওষুধ রফতানি করা হচ্ছে। দেশে উৎপাদিত ওষুধ বিদেশে রফতানিতে উৎসাহিত করার জন্য উৎপাদনকারীদের সরকারিভাবে প্রণোদনা দেওয়া হয়। ২০২৪ সালের জানুয়ারি মাস হতে দেশে উৎপাদিত ওষুধের অ্যাকটিভ ফার্মাসিউটিক্যালস ইনগ্রিডিয়েন্ট রফতানির জন্য ১০ শতাংশ হারে এবং ফার্মাসিউটিক্যাল পণ্য রফতানির জন্য ৮ শতাংশ হারে সরকারিভাবে প্রণোদনা প্রদান করা হবে বলে ফিনান্সিয়াল সার্কুলার জারি করা হয়েছে। উল্লেখ্য, বিগত বছরে দেশে উৎপাদিত ওষুধের অ্যাকটিভ ফার্মাসিউটিক্যালস ইনগ্রিডিয়েন্ট রফতানির জন্য ২০ শতাংশ হারে এবং ফার্মাসিউটিক্যাল পণ্য রফতানির জন্য ১০ শতাংশ হারে সরকারিভাবে প্রণোদনা প্রদান করা হয়েছে। যে সব দেশে বাংলাদেশে উৎপাদিত ওষুধ রফতানি করা হয় সে দেশগুলো হলো, আফগানিস্তান, আজারবাইজান, ভুটান, কম্বোডিয়া, চীন, হংকং, ভারত, ইন্দোনেশিয়া, ইরাক, ইরান, জর্ডান, জাপান, কোরিয়া, মঙ্গোলিয়া, মায়ানমার, মালয়েশিয়া, ম্যাকাও, নেপাল, পাকিস্তান, ফিলিপাইন, সিঙ্গাপুর, শ্রীলঙ্কা, তাজিকিস্তান, থাইল্যান্ড, তুরস্ক, উজবেকিস্তান, ভিয়েতনাম, ইয়েমেন, তাইওয়ান, মালদ্বীপ, সংযুক্ত আরব আমিরাত, ফিলিস্তিন, লেবানন, কুয়েত, কাতার, ওমান, তুর্কমেনিস্তান,কাজাকিস্তান, বাহরাইন, ব্রুনাই দারুস সালাম, দুবাই, নরওয়ে, অস্ট্রিয়া, বেলজিয়াম, ডেনমার্ক, এস্তোনিয়া, ফ্রান্স, জার্মানি, হাঙ্গেরি, ইতালি, লাটভিয়া, লিথুয়ানিয়া, মলদোভা, নেদারল্যান্ডস, পোল্যান্ড, পর্তুগাল, রাশিয়া, রুমানিয়া, স্লোভেনিয়া, স্লোভাকিয়া, স্পেন, সুইজারল্যান্ড, সার্বিয়া, যুক্তরাজ্য, ইউক্রেন, কিরগিজস্তান, আর্মেনিয়া, আয়ারল্যান্ড, বুলগেরিয়া, মেসিডোনিয়া, বসনিয়া, ফিনল্যান্ড, ট্রান্সনিস্ট্রিয়া, জর্জিয়া, সাইপ্রাস কসোভো, ত্রিনিদাদ ও টোবাগে, সান মারিনো, অস্ট্রেলিয়া, ফিজি, নিউজিল্যান্ড, পাপুয়া নিউ গিনি, পালাউ আলজেরিয়া, বুর্কিনা ফাসো, বতসোয়ানা, চাদ, মিশর, গ্যাবন, কেনিয়া, লিবিয়া, লাইবেরিয়া লেসোথো, মরিশাস, নাইজেরিয়া, মালাউই, মালি, সেনেগাল, সোমালিয়া, দক্ষিণ আফ্রিকা, সুদান, সোয়াজিল্যান্ড, সেচেলেস তানজানিয়া, তিউনিসিয়া, টোগো, উগান্ডা, সিম্বুরেইন রিত্রিয়া, জ্যামাইকা, লাওস মৌরিতানিয়া, কঙ্গো, সোমালি ল্যান্ড, জাম্বিয়া, অ্যাঙ্গোলা, মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা, মেক্সিকো, ডোমিনিকান প্রজাতন্ত্র, বার্বাডোস, হাইতি, আর্জেন্টিনা, বেলিজ, ব্রাজিল, কলম্বিয়া, কোস্টারিকা, চিলি, ইকুয়েডর, গুয়েতিমালা, গায়ানা, মরক্কো, মন্টিনিগ্রো, নিকারাগুয়া, পানামা, সামোয়া, সলোমন দ্বীপপুঞ্জ, টোঙ্গা, ভেনেজুয়েলা, ভানুয়াতু, পেরু, সুরিনাম, কুরাকাও, প্যারাগুয়ে, উরুগুয়ে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ প্রতীক)

## পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে তুরস্ক ও ইতালির রাষ্ট্রদূতদের সাক্ষাৎ

তুরস্কের রাষ্ট্রদূত রামিস সেন এবং ইতালির রাষ্ট্রদূত আন্তোনিও এলেসান্দ্রো পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। মঙ্গলবার, ১৩ ফেব্রুয়ারি দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে বৈঠকে তুরস্কের রাষ্ট্রদূত আগামী ১-৩ মার্চ আনতালিয়া ডিপ্লোম্যাসি ফোরামের আসন্ন তৃতীয় সম্মেলনের ওপর আলোকপাত করেন এবং পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদের কার্যকর অংশগ্রহণের প্রত্যাশা ব্যক্ত করেন। চলতি বছর বাংলাদেশের সঙ্গে তুরস্কের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর উদ্‌যাপন নিয়েও আলোচনা করেন তারা। ইতালির রাষ্ট্রদূত বাংলাদেশের সঙ্গে সম্পর্ককে `বিশেষ, বলে অভিহিত করে বলেন, প্রায় ২ লাখ বাংলাদেশি অভিবাসী সেখানে রয়েছেন যারা দুই দেশের অর্থনীতিতেই ইতিবাচক ভূমিকা রেখে চলেছেন। বৈধ উপায়ে আরো বাংলাদেশি সেখানে নেওয়ার বিষয়েও আগ্রহ প্রকাশ করেন তিনি। বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী চামড়াজাত পণ্য, অটোমোবাইল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে ইতালির সহযোগিতা কামনা করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ প্রতীক)

## রেলের খাবার মানসম্মত না হলে চুক্তি বাতিল : রেলমন্ত্রী

রেলের খাবার মানসম্মত না হলে প্রয়োজনে সংশ্লিষ্ট ক্যাটারিং প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি বাতিল করা হবে বলে জানিয়েছেন রেলমন্ত্রী মোঃ জিল্লুল হাকিম। মঙ্গলবার, ১৩ই ফেব্রুয়ারি রেল ভবনের সভাকক্ষে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। মন্ত্রী বলেন, 'বর্তমানে ট্রেনে ক্যাটারিং সার্ভিসের চুক্তি অনুযায়ী মানসম্মত খাবার প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। যাত্রীদের ভালো খাবারের ব্যবস্থা করতে হবে। বর্তমান বাজারমূল্য অনুযায়ী দাম বাড়ানো হয়েছে খাবারের। কিন্তু যাত্রীদের অভিযোগ, ক্যাটারিং প্রতিষ্ঠানগুলো বাসি রুটি ও গন্ধযুক্ত খাবার দিচ্ছে।' তিনি আরো

বলেন, 'যারা ক্যাটারিং পরিচালনা করেন তাদের মানসিকতার পরিবর্তন করতে হবে। খাবারের মান ভালো করতে হবে। মান খারাপ হলে বদনাম ক্যাটারিং প্রতিষ্ঠানের হয় না। দুর্নাম হয় রেল কর্তৃপক্ষের, রেলমন্ত্রীর।' এসময় খাবারের মান স্বাস্থ্যসম্মত করতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়মিত মনিটরিং করার নির্দেশ দেন মন্ত্রী। তিনি বলেন, 'কর্মকর্তারা যার যার দায়িত্ব যথাযথভাবে পালন করলে খাবার মানসম্মত হবে, পরিষ্কার-পরিচ্ছন্নতা বাড়বে। একই সঙ্গে টিকিট কালোবাজারি বন্ধ হবে। ট্রেনে হকারদের উৎপাত বন্ধ করতে হবে, হকারদের সঙ্গে বসে আলোচনা করে ব্যবস্থা নিতে হবে।' ট্রেনে যাত্রীদের চাহিদা অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্নতা বাড়াতে হবে উল্লেখ করে রেলমন্ত্রী মোঃ জিল্লুল হাকিম বলেন, 'যাত্রীদের অভিযোগ ট্রেন অপরিষ্কার এবং অনেক সময় বাথরুম ব্যবহার অযোগ্য অবস্থায় থাকে, যা মেনে নেওয়া যায় না। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরিষ্কার-পরিচ্ছন্নতা বাড়াতে পরিদর্শন বাড়াতে হবে।' মন্ত্রী বলেন, 'রেলে যারা দায়িত্বে আছেন তাদের হাওয়া খেলে চলবে না, কাজ করতে হবে। ভালো কাজের জন্য স্বীকৃতি দেওয়া হবে। দায়িত্বে অবহেলার কারণে বদনাম হলে সে বদনাম মন্ত্রীর হয় এবং প্রধানমন্ত্রীকেও সে বদনামের ভাগিদার হতে হয়। প্রধানমন্ত্রীর বদনাম হয় এমন কাজ সহ্য করা হবে না।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ প্রতীক)

## অভ্যন্তরীণ নিরাপত্তার ব্যাপারে বাংলাদেশ অত্যন্ত সচেতন ও সজাগ : সেতুমন্ত্রী

সরকারকে অপবাদ দিতে গুম-খুন নিয়ে বিএনপি মিথ্যাচার করছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। এসময় বিএনপিকে গুম-নিখোঁজের তালিকা দিতে বলেন তিনি। কারাগারে মৃত্যুর বিষয়ে ওবায়দুল কাদের বলেন, `বিএনপি বলে কারাগারে ১৩ জনকে মেরে ফেলা হয়েছে। কারাগারে যারা বন্দি তারাও মানুষ। তাদেরও মৃত্যু হতে পারে।, মঙ্গলবার, ১৩ই ফেব্রুয়ারি বিকেলে রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি। বিএনপির নেতৃত্বে বিরোধীদল ক্রমাগত মিথ্যাচার এবং গুজবের মাধ্যমে জনগণকে বিভ্রান্ত করার অপকৌশল চালিয়ে যাচ্ছে মন্তব্য করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, `কারাগারে মৃত্যুর খবর আমরা জানি। এ সংখ্যা ১৪/১৫ জন। জেলে বন্দি হলে কি মৃত্যু হবে না? তারা সবাই বিএনপির এমন দাবি কীভাবে করে? কথায় কথায় তারা গুম-খুনের কথা বলে। বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা এবং পশ্চিমা দেশগুলোকে মিথ্যা তথ্য সরবরাহ করছে এই ঘটনা নিয়ে। গুমের ব্যাপারেও একই কথা, তথ্য উপাত্ত ছাড়া এই গুমের ঘটনা তারা সরকারের ওপর অপবাদ দেওয়ার জন্য করে যাচ্ছে।, তিনি বলেন, `গুম-খুন এইসব যে তথ্য-উপাত্ত ছাড়া মিথ্যাচার তারা করছে, তাহলে সত্যটা কী তারা বলুক। কাদের কাদের গুম-খুন করা হয়েছে, প্রমাণ কী? তালিকা আমরা দেখতে চাই। অন্ধকারে ঢিল ছুড়বে বারে বারে, এটা রাজনীতি না। লিফলেট বিতরণ করে ব্যর্থতা আড়াল করা যাবে না। বিএনপির লিফলেট বিতরণ কর্মসূচির উদ্দেশ্য দেশকে ধ্বংস করা ও মানুষ মারা।, আওয়ামী লীগ আমলে গুম-খুন নিয়ে আন্তর্জাতিক তদন্ত করা হবে, বিএনপি নেতাদের এমন বক্তব্যের বিষয়ে ওবায়দুল কাদের বলেন, `শুধু আওয়ামী লীগ আমল কেন, বিএনপি আমলে কত হত্যা, গুম-খুন সব হিসাবই আসুক। কোন আমলে কত মানুষ রাজনৈতিক প্রতিপক্ষ দ্বারা গুম-হত্যার শিকার হয়েছে, নিখোঁজ হয়েছে তারও হিসাব দিতে হবে। একপাক্ষিক হবে কেন?, দ্বাদশ জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনে আওয়ামী লীগের মনোনয়ন প্রসঙ্গে দলের সাধারণ সম্পাদক জানান, 'আওয়ামী লীগের মনোনয়ন বোর্ডের সভায় মনোনয়ন চূড়ান্ত হবে।' মিয়ানমার সীমান্তে অস্ত্র-সহ অনুপ্রবেশের বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, `অভ্যন্তরীণ নিরাপত্তার ব্যাপারে বাংলাদেশ অত্যন্ত সচেতন ও সজাগ। বিদেশি কারও অনুপ্রবেশ ঘটলে তা খতিয়ে দেখা-সহ ব্যবস্থা নেওয়া হবে।,

(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ প্রতীক)

## ঢাকায় মাদক বিরোধী অভিযানে গ্রেফতার ২৬

রাজধানীর বিভিন্ন এলাকায় মাদক বিরোধী অভিযানে মাদক বিক্রি ও সেবনের অভিযোগে ২৬ জনকে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিভিন্ন অপরাধ ও গোয়েন্দা বিভাগ। গ্রেফতারের সময় তাদের হেফাজত থেকে ৪১১ পিস ইয়াবা, ১১০ গ্রাম হেরোইন, ৭ কেজি ৭০০ গ্রাম গাঁজা ও ৩০ গ্রাম আইস মদ উদ্ধার করা হয়। সোমবার সকাল ছয়টা থেকে আজ সকাল ছয়টা পর্যন্ত রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান চালিয়ে মাদকদ্রব্য উদ্ধারসহ তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারদের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ২১টি মামলা রুজু হয়েছে।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০২.২০২৪ প্রতীক)

# BBC

## BIDEN SAYS ISRAEL MUST PROTECT VULNERABLE IN RAFAH

US President Joe Biden has said civilians who are "packed" into Rafah in the Gaza Strip are "exposed and vulnerable" and must be protected. Israel must make credible efforts to protect the more than one million Palestinians sheltering in the southern Gazan city, he said. Rafah has come under heavy Israeli air strikes in recent days, with a number of casualties reported. A Palestinian doctor told the BBC people in Rafah were living in fear.

(BBC Web Page: 13/02/24, FARUK)

**TEAR GAS FIRED AS FARMERS MARCH ON FORTRESS DELHI**

Thousands of protesting farmers are marching from neighbouring states to India's capital Delhi to seek assured prices for their crops. In 2020, farmers had camped at Delhi borders protesting against controversial agricultural reforms. The year-long protest - in which dozens died - was called off after the government agreed to repeal the laws. On Monday, police fired tear gas at them at the Shambu border between Haryana and Punjab states.
(BBC Web Page: 13/02/24, FARUK)

**EUROPE NEEDS A DECADE TO BUILD UP ARMS STOCKS**

Europe will need 10 years before it is fully ready to defend itself, the boss of Germany's biggest defence firm, Rheinmetall, told the BBC. Armin Papperger said that ammunition stocks are currently empty. He made the comments during a visit by Chancellor Olaf Scholz at a foundation-laying ceremony for a major new arms manufacturing plant in Lower Saxony. Defence Minister Boris Pistorius and Danish Prime Minister Mette Fredrickson were also in attendance. The comments come a day after comments by US presidential hopefully Donald Trump sparked fresh alarm in Europe. (BBC Web Page: 13/02/24, FARUK)

**SOUTH AFRICA TO DEPLOY 2,900 SOLDIERS TO DR CONGO**

South Africa's President Cyril Ramaphosa has ordered the deployment of 2,900 soldiers to aid in the fight against armed rebel groups in the eastern Democratic Republic of Congo. The troops will be posted as part of the southern African mission in DR Congo, which was approved by the regional bloc in May last year. Malawi and Tanzania will also contribute troops to the mission. The mission is replacing the East African regional force, which left DR Congo last December after the government deemed it ineffective. The announcement comes amid a resurgence of fighting that has seen tens of thousands displaced, added to the nearly seven million who have been forced from their homes in DR Congo because of multiple conflicts. (BBC Web Page: 13/02/24, FARUK)

**SENEGAL BRACES FOR FRESH PROTESTS OVER ELECTION ROW**

Senegalese lobby groups have called for peaceful protests across the country on Tuesday against the postponement of this month's presidential election. The Aar Sunu Election, a newly-formed political platform of about 40 groups, said the protests will start at 1500 GMT. The protest organizers, who include opposition parties, have urged people to come out in large numbers despite a police ban. President Macky Sall controversially pushed back the 25 February vote at short notice, citing a row over the eligibility of candidates.
(BBC Web Page: 13/02/24, FARUK)

**UK SANCTIONS ISRAELI SETTLERS ACCUSED OF VIOLENCE**

The UK has imposed sanctions against four extremist Israeli settlers it has accused of attacking Palestinians in the occupied West Bank. The Foreign Office announced financial and travel restrictions against the four who it says have committed human rights abuses against Palestinians. Lord Cameron also called on Israel to take action to end the violence. West Bank violence has surged since the start of the Gaza war, triggered by Hamas's attack on Israel on 7 October. At least 384 Palestinians - members of armed groups, attackers and civilians - have been killed in conflict-related incidents in the West Bank, including East Jerusalem, or in Israel, according to the UN. (BBC Web Page: 13/02/24, FARUK)

**::THE END::**